वनगारा (थला

সুনীস গঙ্গোপাধ্যায়

পূর্ণ প্রকাশন ৮এ, টেমার লেন, কলিকাডা-১

প্রকাশক:

রথীন্দ্রনাথ বিশ্বাস ৮এ, টেমার সেন কলিকাতা-

প্রথম প্রকাশ: আষাট, ১৩৬২

প্রান্থ : শচীন বিশাস

মুদ্রণে:
গ্রীগঙ্গারাম পাল
মহাবিতা প্রেদ
১৫৬, তারক প্রামানিক রোজ
কলিকাতা-৬

छ९नर्ग

তপতী ও মুনাল বস্থচৌধুরী**কে-**--

কমলজ্যোতির সঙ্গে আমার যথন ভালো পরিচয় ছিল না, তথন ওর সম্পর্কে আমি নানান রকম গল্প শুনতাম। কমলজ্যোতি প্রদীপের বন্ধ। প্রদীপকে আমি ছেলেবেলা থেকে চিনি, আগে কখনো ওর মুখে কমলজ্যোতির নাম শুনিনি। আমি মাস ছয়েকের জন্ম দিল্লী গিয়েছিলাম, ফিরে আসার পর প্রদীপের মুখে অনবরত কমলজ্যোতির গল্প শুনছি। খুব ছেলেবেলা দার্জিলিং-এ প্রদীপের সঙ্গে বন্ধুত্ব হয়েছিল কমলজ্যোতির, তারপর বহুদিন দেখা হয়নি। হঠাৎ একদিন পার্ক প্রীটে দেখা।

প্রদীপ আমাকে বলল, চল্ তোকে একদিন কমলজ্যোতির বাড়িতে নিয়ে যাব।

আমি সাধারণত অচেনা মানুষজনের সঙ্গে আলাপ করতে বেশি উৎসাহ বোধ করি না। তিরিশ বছর বয়স পেরিয়ে গেলে জার সহজে নতুন বন্ধুত্ব হতে চায় না। এই সময় থেকে বাল্যবন্ধুরা একে একে হারিয়ে ধায়, নতুন পরিচিতদের সঙ্গেও ভদ্রতার আবরণ ছিঁড়ে হাদয়ের কাছাকাছি পৌছানো ধায় না। ধেমন, রবীনের সঙ্গে আমি ইন্ধুল থেকে কলেজ পর্যন্থ একসঙ্গে পড়েছি। কিন্তু রবীন আমাদের মধ্যে সবচাইতে আগে বিয়ে করে ফেললো, এবং বিয়ের পরই আমাদের মধ্যে আত্তে আন্তে দ্রত্ব বাড়তে লাগলো। রবীনের স্থা বেশ ভালো মেয়ে, কর্থনও ওদের বাড়িতে গেলে খুব যত্ব-উত্ব করে —কিন্তু আমি আর রবীন সেই আগেকার মতন প্রাণ খুলে আড্ডা দিতে আর পারি না।

এখন আর রবীনের সঙ্গে দেখা হয় খুব কম। যখন দেখা হয়, আমরা ত্'জনেই বৃঝতে পারি, আমরা আর আগেকার মতন বন্ধু নেই। মুখে কেউ কিছু প্রকাশ করি না, ভেতরে ভেতরে তুঃখ থেকে যায়। এই রকম ভাবেই আন্তে আন্তে পুরানো বন্ধ্রা দুরে সরে যাচ্ছে, নতুন বন্ধুও হয় না। নতুন কোন বন্ধু পাবার জন্ম আমি উৎসাহ বোধ করি না।

আমি প্রদীপকে বললাম, আমি ওর বাড়িতে গিয়ে কি করবো!

- —চল্না বেশ ভালো লাগবে। ও একটা অন্তুত ছেলে।
- —আমি ঢের অন্তত ছেলে দেখেছি। আর দেখার ইচ্ছে নেই।
- তুই কমলজ্যোতির মত ছেলে দেখিস নি। আমি চ্যালেঞ্চ করে বলতে পারি।
- --প্রদীপ,তুই যে এই ক'দিনেই কমলজ্যোতির খুব ভক্ত হয়ে গেছিস দেখছি!
 - --ভক্ত কেন হবো ⁹ ছেলেটা খুব ইন্টারেন্টিং!
 - —কোপায় থাকে ?
 - —লিটল রাসেল স্ট্রীটে।
- —সে তো সাহেব পাড়া আর অফিস পাড়া! সেখানে থাকে ? তোর বন্ধু কি বাঙালী ? খুব বড়লোক বৃঝি ?
- খাঁটি বাঙালী। কমলজ্যোতি চ্যাটাজি। তুই ডি. এন.
 চ্যাটাজির নাম শুনিস নি ?
 - —না, কে সে ্মানে কে তিনি ং
- এককালে মন্তবড় একজন ফিলম্ প্রোডিউসার ছিলেন। কলকাতায় ওঁর নিজম্ব স্টুডিও ছিল, বম্বেডেও কয়েকথানা ছবি তুলেছেন—
 - —তা তুলতে পারেন। আমি নাম শুনি নি:
- —কমলজ্যোতি হচ্ছে সেই ডি. এন. চ্যাটার্জির ছেলে। ওর মা-ও এককালে খুব নামকরা গায়িকা ছিলেন। ওর মা'র নাম হচ্ছে—
 - —সবাইতো বলছিস এককালে ছিল। তোর বন্ধুর বন্ধু কত ?
- আমাদের বয়েসী হবে। ও হচ্ছে বাবা-মায়ের সবচাইতে ছোট ছেলে ওর ওপরে পাঁচ বোন। বোনেরা অবশ্য অবাঙালী বিয়ে করেছে, একজনের বিয়ে হয়েছে গোয়েছা ফ্যামিলিতে।

- —এ তো খুব বড় ব্যাপার। এসব জায়গায় ভাই আমার পোষাবে না। লিটল রাসেল শ্রিটে বাড়ি—নিশ্চই বাড়ীতে অ্যালসেশিয়ান কুকুর আছে !
- আরে না, না। সেসব কিছু না। লিটল রাসেল স্ট্রীটে ও শুধু একটা ঘর নিয়ে একলা থাকে। ব্যাচেলার। ভালো আড্ডা মারার জায়গা। ছেলেটাও খুব জমাটি।
 - এতদিন তোর মুখে কমলজ্যোতির নাম শুনি নি কেন ?
- '--আমি যখন দার্জিলিং-এ সেণ্ট পল্সে পড়তাম, তখন ওর সঙ্গে চেনা ছিল। তারপর ও হঠাৎ বিলেত চলে গেল পড়াশুনা করতে। তারপর আর দেখা নেই। বহুকাল আগেকার কথা। পার্ক ফ্রীটে হঠাৎ একদিন দেখা—কেউ কাউকে ঠিক চিনতে পারি নি। কথায় কথায় সব বেরিয়ে পড়লো।
 - —তোর বন্ধু বিলেতফেরত ? এখানে কোখায় চাকরি করে ?
 - —চাকরি করে না।
- —বিলেতফেরত, অথচ চাকরি করে নাং বাবার ব্যবসা দেখছেং
- ওর বাবা মারা গেছেন। ফিলমের ব্যবসা ডকে উঠে গেছে। বিলেতে ওদের একটা বাড়ি আছে— সেই বাড়ির ভাড়া পায় অনেক টাকা। বছরেও ছ'মাস বিলেতে থাকে, ছ'মাস থাকে কলকাতার।
- --বিলেতে যে ছ'মাস থাকে, সে বাকি ছ'মাস কলকাতায় পচে মরতে আসে কেন ? কী আছে কলকাতায় ?
 - —আড্ডা মারার লোভে কলকাতায় আসে।
 - —বিলেতে বৃঝি আডা হয় না ?

প্রদীপের স্বভাব জানি আমি। কখনো কারুর সম্পর্কে বলতে আরম্ভ করলে ওর কল্পনার আর 'সীমা থাকে না। কত ব্যাপার ষে বানাচ্ছে এর মধ্যে। প্রদীপ একবার আসাম থেকে ঘুরে এসে আমাদের বললো, ও বুনো হাতী শিকার করে এসেছে একটা শিকারী দলের সঙ্গে। এমন পঞ্চায়পুঞ্চ বর্ণনা দিল শিকারের, ষে, অবিশাস করাও যায় না সহজে। পরে জানা গিয়েছিল, প্রদীপ আসামে গিয়ে যে বাড়িতে উঠেছিল, সেই বাড়িতে একজন বৃদ্ধ শিকারী ছিলেন। তিনি তাঁর শিকার-জীবনের গল্প বলেছিলেন—তিরিশ বছর আগেকার কথা, প্রদীপ মনে মনে সেই শিকার পার্টিতেই অংশ গ্রহণ করে ফেলেছিল।

আমি প্রদীপকে বিশেষ পাতা দিলাম না। রাজী হলাম না ওর বন্ধু কমলজ্যোতির বাড়িতে যেতে। তার ফলে আমার একটা ক্ষতি হল এই, আগে প্রায় প্রত্যেক দিনই সন্ধ্যেবেলা প্রদীপের সঙ্গে দেখা হত আমার। এখন আর প্রদীপকে পাওয়া যায় না। ও কমলজ্যোতির বাড়িতে গিয়ে বসে থাকে। মনে মনে কমলজ্যোতিব ওপরে রেগেই রইলাম আমি।

সংস্কাবেলা অফিস থেকে বেরিয়ে ফাকা ফাঁক। লাগে। তক্ষ্নি বাড়ি ফিরতে ইচ্ছা করে না। মান আকাশের নিচে কলকাতা শহরটা নিম্প্রাণ হয়ে থাকে। একলা একলা রাস্তা দিয়ে হাটার সময় মনে হয়, আমি মহুয়-সমাজ থেকে বিতাড়িত। আমি একা একটা সিনেমা দেখতে পারি না, একা রেস্তোর্যায় চুকে চা খেতেও পারি না।

অপরপক্ষে, অল্পচেনা বা নতুন চেনা মাছুযের সংসর্গে স্বস্তিবোধ করি না আমি। রাস্তায় মুখচেনা কোনো মাছুষের সঙ্গে হঠাৎ দেখা হয়ে যায় মাঝে মাঝে। কেউ কেউ বলে, কোন্ দিকে যাচ্ছেন গ্ চলুন একসঙ্গে যাওয়া যাক! আমি তৎক্ষণাৎ অভিরিক্ত ব্যস্তভাব ভাগ দেখিয়ে বলি, আমাব একটা বিশেষ কাজ আছে. আমি অন্য-দিকে যাব। কেউ যদি চায়ের দোকানে ডাকে, অগমি চা-পান সম্পার্কে দারুণ একটা বিতৃষ্ণা দেখাই।

মাধুরী পাটনায় গেছে, এখনো ফেরে নি। প্রত্যেকদিন টেলিফোন করে ঐ একই উত্তর শুনতে পাই। হিমাংশু আর দেবব্রতদের বাড়িতে গিয়ে আড্ডা দিতাম মাঝে মাঝে। কিন্তু হিমাংশুর জ্যাঠামশাইয়ের খুব অন্থ্, ওদের বাড়িতে সব সময় একটা থমথমে অবস্থা, সেখানে আর যাওয়া যায় না। দেবব্রতর ভাইকে পুলিশ ধরে নিয়ে গেছে, স্থতরাং ও বাড়িও এখন আড্ডার জ্ঞ উপযুক্ত নয়। ত্থএকদিন গিয়ে ত্শ্চিস্তা ও উদ্বেগ দেখানো যায়, রোজ যাওয়ার কোনো মানে হয় না।

ভেবে-চিন্তে ঠিক করলাম, শুভব্রতর বাড়িতে যাওয়া যাক।
শুভব্রত সংশ্বর পর সাধারণত বাড়িতে থাকে। নিজের হাতে
রেডিও বানানোর শথ শুভব্রতর। অফিস থেকে ফিরে ঐসব
যন্ত্রপাতি নিয়েই নাড়াচাড়া করে। ঐ বাড়িতেই আবার থিয়েটারের
রিহার্শাল হয়। শুভব্রতর বোন মল্লিকা থিয়েটারের নামে পাগল
—নিজেই পরিচালনা করে একটা আনমেচার দল। সেখানে
গেলেও আমি কিছুটা থাতির পাই। নিজে আমি কক্ষনো
থিয়েটার করি না। কিন্তু ছু'একটা উপদেশ টুপদেশ দিতে পারি
অনায়াসেই।

শুভব্রতর বাড়িতে গিয়ে দেখলাম, সেদিন কোন কারণে রিহার্শাল বন্ধ, মল্লিকা বাড়িতে নেই। শুভব্রত জামা-টামা পরে কোথায় বেরুচ্ছিল তক্ষুনি। আমাকে দেখে বললো, এসেছিস ? চল্—

- --কোথায় গ
- —কমলজ্যোতির বাড়িতে। আজ ওখানে গান বাজনা হবে। মামি অবাক হয়ে জিজেস করলাম, তৃইও কমলজ্যোতিকে চিনিস নাকি ?
- এই তো ক'দিন আগে আলাপ হলো। কেন, প্রদীপ তোর সঙ্গে আলাপ করিয়ে দেয় নি ?

আমি একট্ অপমানিত বোধ করলাম। কোথাকার কে কমলজ্যোতি তার ঠিক নেই, তার সঙ্গে আলাপ করে কি আমি ধস্য হয়ে যাব নাকি ? আমি কার সঙ্গে আলাপ করবো না করবো, সে ব্যাপারে আমার নিজম্ব নির্বাচন থাকবে। তা ছাড়া আমি মোটাম্টি বিখ্যাত লোক। অপরের বাড়িতে গিয়ে তার সঙ্গে আলাপ করা কি আমাকে মানায় ?

আমি বললাম, না, আমি যাব না। তুই যা।

- -- ठन, ठन ।
- —না রে, আমার ভীষণ কাজ আছে।
- —-কি ভীষণ কাজ! চল্না! দেখিস বেশ জমবে। আমি একটা টেপ রেকর্ডার নিয়ে যাচ্ছি।
- —না ভাই, অচেনা কারুর বাড়িতে আমি এরকম ভাবে যেতে পারবো না।
- অচেনা কি রে ? ও বাড়িতে এমনিই অনেকে যায়। তুই গেলে খুশি হবে। ও বাড়িতে তোর চেনাশুনা অনেককে পাবি। প্রদীপ তো পাকবেই, তাছাড়া হিমাংশু আর বরুণা, বরুণার ছোট বোন শুভঞী—

শুভবত আমাকে ছাড়লো না। ওর সদাসঙ্গী মোটর বাইকের পেছনে তুললো আমাকে। হিমাংশুর স্ত্রী বরুণার বিয়ের আগে খুব ঘনিষ্ঠতা ছিল শুভবতর সঙ্গে। কি কারণে বরুণার সঙ্গে শুভবতর বিয়ে হয়নি আমি ঠিক জানি না। হয়তো বরুণার সম্পর্কে এখনও ফুর্বলতা আছে শুভবতর, সেই কারণেই শুভবত ওখানে যাবার জন্ম উৎসাহী।

লিটল রাশেল শ্রিটের একটা বড় বাড়ির সামনে এসে শুভব্রতর মোটর সাইকেল থামলো। কোন রাস্তার নাম শুনেই সেই পাড়ার বাড়িগুলো কি হবে, তা নির্ভুলভাবে বলা যায় না কলকাতায়। বনমালী নস্কর লেনেও যেমন দেখা যেতে পারে বিরাট একটা প্রাসাদ, তেমনি লিটল রাসেল শ্রিট ধরনের রাস্তার সব বাড়িই সাহেবী কায়দার নয়।

এই বাড়িটা আকারে বেশ বড, কিন্তু বছ পুরোনো আমলের। দেয়াল নোনা ধরা, ভেতরে এখনও কাঠের সিঁড়ি। বাড়িওয়ালা এই বাড়িটা ভেঙে ফেলে অনায়াসেই তো ব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে এখানে একটা দশ-বারো তলা বাড়ি তুলে ফেলতে পারে। বাড়িওয়ালা কেন সেটা করছে না সেটা ব্রতে পেরেছিলাম কয়েকদিন বাদে।

কাঠের সি^{*}ড়িতে কার্পেট পাতা। বহুকাল আগেকার কার্পেট এখন ছিন্নভিন্ন, পা দিলেই ধুলো ওড়ে। উঠতে হলো ছ'তলায়। লিফটের ব্যবস্থা আছে বটে, এখন খারাপ। দেখে মনে হলো,প্রায়ই খারাপ থাকে।

চওড়া কাঠের দরজা, তার বাইরে ইংরেজিতে লেখা,কমলজ্যোতি চাটার্জি। সুইট নাম্বার টুয়ালভ্। ইন!

দরজার বাইরে উর্দিপরা একজন বৃদ্ধ মুসলমান বসে ছিলেন। আমাদের দেখে তাড়াতাড়ি উঠে দরজা খুলে দিলেন।

দরজা খুলতেই দেখলাম, ভেতরে অনেক লোক। সিগারেটের ধোঁয়ায় ঘর ভর্তি। সেকেলে আমলের কয়েকটা সোফা আর মোটা মোটা চেয়ার সারা ঘরে ছড়ানো।

দরজার কাছে দাঁড়িয়ে শুভবত বললো, এই কমলজ্যোতি, আমাদের মার এক বন্ধুকে নিয়ে এসেছি।

একটি বেশ ফর্সা, লম্বা চেহারার যুবক এগিয়ে এসে বলল, কাম অন ইন!

ছেলেটি দেখতে বেশ স্পুরুষ। ছিপছিপে, ধারালো মুখ, মাথা ভূতি আধা কোঁকড়ানো এলোমেলো চুল। তবে, মুখখানা জলজল করছে, চোখ লালচে। দেখলেই বোঝা যায় নেশা করেছে খুব।

আমার সামনে দাঁড়িয়ে ঈষং নাটকীয় কায়দায় নিজের বৃকে হাত রেখে বললো, এই অধমের নাম কমলজ্যোতি। শুধু কমল বা শুপু জ্যোতি বললে আমি চটে যাই, আমার নাম পুরোপুরি কমলজ্যোতি। ক্লিয়ার ? আচ্ছা, এবার বলো ভোমার নাম কি ?

আলাপ হবার আগেই কেউ আমাকে তুমি সম্বোধন করবে, এ রকম শোনার অভ্যেস আমার নেই। তবু, আমি বিরক্ত হলুম না। কারণ আমি আদব-কায়দা পছল করি না—ছ'জন সমবয়সী পুরুষ প্রথম থেকেই পরম্পরকে তুমি বললে এমন কিছু দোষ নেই তাতে। আমি আমার নাম বললাম। কমলজ্যোতি জিজেস করলো, তুমি গান জানো ? আমি হেসে বললাম, না।

কমলজ্যোতি গলা উচু করে শুভবতকে জিজ্ঞেস করলো, এ তো গান জানে না। তাহলে এ মকেলকে এনেছো কেন !

শুভবত রীতিমত অপ্রস্তুত হয়ে গিয়ে বললো, না না, যে গান গায় সে তো নিশীথ গাঙ্গুলি। এ হচ্ছে স্নীল, আমাদের বিশেষ বন্ধু, লেখক—

--ওসব লেখক-টেখক আমি বুঝি না

শুভরত অস্বস্থিতে পড়লেও আমি ব্যাপারটা বুঝতে পেরে-ছিলাম। এ এক ধরনের বিলিতি রিসিকতা। আধুনিক কায়দায়। প্রথম আলাপেই অতিরিক্ত বিনয়বা সৌজন্য না দেখিয়ে রুচতা দেখানো।

শামি কমলজ্যোতিকে বললাম, তোমাকে দেখেই বোঝা যাচ্ছে, তুমি গান-টান কিছু বোঝা না। তুমি হঠাৎ গান শোনার জন্ম ব্যস্ত হয়ে উঠেছো কেন গ

- আমি গান বুঝি না, তা ঠিক। কিন্তু আমি গান ভালবাসি।
- —কি ধরনের গান।
- ---শুধু বাংলা গান। রবীন্দ্রসঙ্গীত, কীর্তন-
- কিন্তু তোমার উচ্চারণ শুনে মনে হচ্ছে তুমি ভালে। বাংলা জানো না, শিখছো নতুন নতুন।
 - —ভাট্স রাইট। শিথছি। শেখার মধ্যে কোন দোব আছে ? প্রদীপ উঠে এসে আমাকে বললো, কী রে এসেছিস ?

কমলজ্যেতি বলল. ইাা, এসেছে। এসে আমাকে একেবাবে কৃতজ্ঞ করে দিয়েছে।

আমি হেসে বললাম, ও জায়গায় কৃতজ্ঞ কথাটা ঠিক হল না। ওধানে হবে কৃতার্থ করে দিয়েছে !

কমলজ্যোতি তীব্র চোখে আমার দিকে তাকিয়ে বললো, আমি ভূল বলেছি ?

আমি বললাম, নিশ্চয়ই!

—ঠিক আছে, শিখে নিলাম: কৃতাৰ্থ!

কমলজ্যোতি আমার বাছ চেপে ধরেছে। টানতে টানতে নিয়ে এলো ঘরের এক কোণে। একটা ছোট টেবিলের ওপর অনেকগুলো বোতল রাখা, তার সামনে আমাকে দাঁড় করিয়ে কমলজ্যোতি জিজ্ঞেদ করলো, হোয়াট উইল য়ু হাাভ ় হুইন্ধি ! রাম ! জিন আ্যাণ্ড টনিক ৷ ফর গডদ্ দেক, ডোনট দে, আই ডোনট ডিংক ! গান গাইতে পারো না, আবার যদি মদ খেতেও না পারো, তাহলে আমি তোমাকে টলারেট করতে পারবো না।

এইভাবে কমলজ্যোতির সঙ্গে আমার পরিচয়। কমলজ্যোতির ঘরে আমার অলাক্য বন্ধুরা অনেকেই জড়ো হয়েছিল। ঐ রকম নিরিবিলি পাড়ায় ছ'তলার উপরে একটা ফ্লাট, গুরুজনদের চোখ থেকে অত দূরে- অড়ার পক্ষে আদর্শ জায়গা। গানের নামে কোরাসে চেঁচামেচি করলেও আপত্তি জানাবার কেউ নেই। তাছাড়া কমলজ্যোতি জলের মতন প্যসা খরচ করে। নানারকম আলেকহলিক পানীয় ওর কাছে সব সময় মজুত, মেয়েদের জন্স সরবংকাকাকোলা আনাচ্ছে অনবরত, ওর বাবুচি নানারকম খাবার বানাচ্ছে।

সবাই যে এখানে অত্যের প্রসায় আনন্দ-ফুর্তি করতে যেত, তা অবশ্য নয়। অনেকেই আপত্তি জানিয়েছে, নিজেরা কিছু ধরচ করতে চেয়েছে—কমলজ্যোতি কান দেয় নি। কথা বলার সময় অত্যন্ত জোর দিয়ে কথা বলে ও, ইংরেজী শব্দের ঠিক বাংলা মানেটা মনে না এলে একটু তোতলা হয়ে যায়। অন্যের কথা সে শুনবেই না কিছুতে। কমলজ্যোতির চরিত্র যে বিচিত্র এবং আকর্ষণীয়, তা মানতেই হবে।

আড়া জমে ওঠার পর বরুণা আর শুভশ্রী যথন গান গাইছে তথন কমলজ্যোতি নিজেও চেঁচিয়ে ওদের সঙ্গে গান জুড়ে দিল। ওর গলায় একদম স্থর নেই, বাংলা উচ্চারণ সব ঠিক হয় না, তব্ ওর উৎসাহ অপরিসীম।

সেই গান শুনলে হাসি চাপা মৃস্কিল। কেউ কেউ হাসছিল। তবু কমলজ্যোতি দমে না।

সেদিন ওধান থেকে ফেরার পথে আমি শুভবতকে জিজেস করলাম, কমলজ্যোতির মা গায়িকা ছিলেন, সেইজন্য বৃঝি কমল-জ্যোতির গানের প্রতি এতটা টান ? আহা বেচারা, নিজে একদম গাইতে পারে না!

শুভত্রত বললো, ওর মা গায়িকা বুঝি ? কি নাম ?

- —তাতো আমি জানি না। প্রদীপ বলছিল।
- —ছাড় প্রদীপের কথা। আমি তো শুনেছি, ওর মাকে ও ভালো করে চোখেই দেখেনি। ওর ষধন সাড়ে চার বছর বয়েস, তখন ওর বাবার সঙ্গে ওর মায়ের বিবাহ বিচ্ছেদ হয়ে যায়।
 - -তখনকার দিনে বিবাহ বিচ্ছেদ ছিল নাকি গ
- —ছিল একটা জোড়াতালির ব্যাপার। ওর মা হিন্দু থেকে মুসলমান হয়ে যায়। তাতে বিয়ে ভেঙে যায়। তারপর উনি একজন খ্রীস্টানকে বিয়ে করেন।
 - —এটা তোকে কে বলেছে ? কমলজ্যোতি নিজে ?
 - —ই্যা।
- —রীতিমত রোমাঞ্চকর ব্যাকগ্রাউণ্ড। কমলজ্যোতি নিজেই এসব বানিয়ে বলে নি তো ?
 - —যা:, নিজের বাবা-মা সম্পর্কে কেউ বানায় ? তুই আরও কয়েকদিন মিশলে দেখতে পাবি, ছেলেটার মধ্যে ভয়ংকর একটা চাপা হঃখ আছে। আমাদের মতন সামাজিক পরিবেশ তো পায় নি কথনো। এতকাল বিলেতে কাটিয়েছে।
- যারা বছকাল বিলতে কাটায়, তারা সাহেবী ধরনেরই হয়ে যায়। ও আবার কলকাতায় আসে কেন ?
- —বাংলা শেখার ইচ্ছে, বাংলা গানের প্রতি আগ্রহ—সেটাকে তুই খারাপ বলতে পারিস না—
 - —না, খারাপ বলছি না। তবে বেশ অস্কত।

আর হ'তিনদিন দেখা হবার পর কমলজ্যোতির সঙ্গে আমার রীতিমত বন্ধুত্ব হয়ে গেল। ছেলেটার মধ্যে খানিকটা শিশুর মত প্রাণশক্তি আছে, কিছুতেই এড়ানো যায় না।

সব সময় আড্ডা আর হৈ-চৈ ছাড়া যেন ও বাঁচতে জানে না। ওর ঘরে যে কোন সময় গেলেই দেখা যায়, হয় মছাপান অথবা কোরাস গান চলছে। খুব একটা খারাপ লাগে না।

একদিন রাত্তির সাড়ে বারোটার সময় কমলজ্যোতি আমার বাড়িতে এসে হাজির। রাস্তা থেকে আমার নাম ধরে ডাকাডাকি করতে লাগলো। আমি শুয়ে পড়েছিলাম, উঠে দরজা খুলতেই হলো। বেশ বিরক্ত হয়েছিলাম, মনে হয়েছিল, কমলজ্যোতি মাতাল হয়ে এসে হল্লা করছে। ধমকে দিতে হবে, আমার বাড়িতে এসব চলবে না।

দরজা খুলে দেখলাম, কমলাজ্যোতি মাতাল নয়। খানিকটা উদলাস্থ চেহারা। এত রাত্তা এসে সে ডাকাডাকি করছে,এটা যেন কিছুই অস্বাভাবিক নয়।

আমাকে বললো, শুয়ে পড়েছিলে নাকি ? একট চা খাওয়াবে ? খুব চা খেতে ইচ্ছে করছে। সব দোকান বন্ধ — আমার বাবুর্চিটার অসুখ!

- —ধ্যাং: এত রাত্তিরে আবার চা কি!
- —তা হলে কি ছইস্কি খাওয়াতে চাও ? আমার ছইস্কি খেতে ইচ্ছে করছে না।

আমি ঠোঁটে আঙ্ল দিয়ে রললাম, চুপ। আমার বাড়িতে অনেক লোকজন আছে। তোমার মতন তো একলা থাকি না। এখানে ওসব হবে না।

- —কিন্তু চা তো নির্দোষ জিনিস। চা খেতে আপত্তি কি ?
- —এত রান্তিরে চা হয় না। তোমার বাব্টির অস্থ বলে তুমি নিজে চা-ও বানাতে পারো না ?
- —না, পারি না। ঠিক আছে, এবার থেকে শিখে নেবো। চলো, তুমি আমার সঙ্গে চলো—একটু বেড়ানো যাক্।
- —এখন কোথায় বেড়াবো ? তোমার কি মাথা খারাপ ? কলকাতা শহর তোমার লগুন নয়—এখানে রাত্তিরবেলা ঘুরলে কেউ এসে কুচ করে গলাটা কেটে দেবে। এক সময় আমিও অনেক রাত পর্যন্ত ঘুরেছি।
- সামাদের কে কি করবে ? আমাদের সঙ্গে তো টাকা-কড়ি বিশেষ কিছু নেই। যদি কেউ এসে চায়, দিয়ে দেবো। চলো, চলো—
 - —না, ভাই। এখন না।
- আরে স্নীল, তুমি ভয় পাচ্ছো ? চমংকার হাওয়া দিচ্ছে বাইরে, এই তো বেড়াবার সময়। আজ আমার ওখানে কেউ আসে নি, সন্ধ্যাবেলা থেকে একা একা, অসহা লাগছিল—তাই বেরিয়ে পড়লাম
 - —আজ সন্ধেবেলা তুমি একা ছিলে ?
 - --- হাঁগ। কেট আসে নি আজ।
 - —কেন ^আশ্চর্য ব্যাপার তো!
 - --বন্ধরা কি আমার ওপরে রাগ করেছে গুত্মি গু

আমাকেও বেরিয়ে গড়তে হলো কমলজ্যোতির সঙ্গে। বাড়ির কারুকে কিছু না বলে। এক সময় আমরা বন্ধুরা মিলে বহু রাত পর্যন্ত, কখনো কখনো সারা রাত কলকাতার রাস্তায় রাস্তায় ঘুরে বেরিয়েছি। সেই কলকাতা আর নেই। কিংবা আমরাই বদলে গেছি।

কমলজ্যোতির সঙ্গে থেরিয়ে পড়ার পর ভালোই লাগতে লাগল। সত্যি বাইরে চমংকার বাতাস। আকাশটা পরিহার। রাস্তাঘাট জনশৃত্য। মাঝে মাঝে ফ্রেড ধাবমান ট্যাক্সি আর পুলিশের গাড়ি। আমরা বেপরোয়া ভঙ্গিতে হাঁটতে লাগলাম রাস্তার মাঝখান দিয়ে, কেউ কিছুই বললো না।

কমলজ্যোতিকে কিন্তু এখন খানিকটা গন্তীব লাগছে। কি ব্যাপারে যেন চিন্তাক্লিষ্ট। গন্তীর অবস্থায় ওকে একদম মানায় না। আমিও জিজ্ঞেদ করলাম না কিছু।

সিগারেট ফুরিয়ে গেছে। একটা পানের দোকানের ঝাঁপ বন্ধ, কিন্তু আলো জ্বাছে। দোকানদারকে ডেকে ঝাঁপ খোলালাম। কমলজ্যোতি বললো, দেখলে তো, ইচ্ছে করলে রাণ্ডিরেও সব কিছু পাওয়া যায়। রাণ্ডিরটাকে লোকে মিধ্যে ভয় পায়।

- —এমন জায়গাও আছে, যেখানে সারারাত অনেক দোকান খোলা থাকে।
 - ---কোথায় ?
 - —নিমতলা শাশানে।
 - —তাই নাকি ? আমি কথনো শুশানে যাইনি চলো, যাবে গ
 - —আজ না, আর একদিন। শাশান খুব স্থলর জায়গা। কমলজ্যোতি অকারণে হো-হো ক্রের হেসে উঠলো।

হাটতে হাটতে আমরা চলে এসেছি হাজরা রোড। কমলজ্যোতি হঠাৎ বললো, ডান দিকে চলো!

- —কোথায় গ
- —চলোই না।

ডান দিকে কিছুদ্র এসে কমলজ্যোতি একটা গোলাপি রঙের দোতলা বাড়ির সামনে দাড়ালো। আঙ্ল তুলে বললো, এই বাড়িতে কে থাকে জানো ?

- --(क ?
- -- আমার **জীবনের সবচে**য়ে বড় শক্র।
- সে আবার কে ? কি করেছে তোমার ?
- তা বলবো না। ঐ ছাখো দোতলার কোণের ঘরে আলো জলছে। তার মানে এখনো ও জেগে আছে। আমার কিঁইচ্ছে

হচ্ছে জানো! আমার ইচ্ছে হচ্ছে, দারজা ভেঙে আমি ঐ দোতলায় উঠে যাই। তুমি যাবে আমার সঙ্গে ?

—মাথা থারাপ নাকি ? আমি রাত ছপুরে লোকের বাড়িতে ডাকাতি করবো ?

কমলজ্যোতির চোখ-মুখ কঠিন হয়ে গেল, একদৃষ্টে তাকিয়ে আছে, দোতলায় সেই মালো-ছালা ঘরের দিকে। আপন মনে বললো, না, আমি ডাকাতি করতে চাই না। তা হলে অনেক আগেই করতাম।

আমি এগিয়ে গিয়ে দেখলাম দরজায় কাদের নেমপ্লেট। ত্-তিনটে নাম আছে, তার মধ্যে একজন বিলেতফেরং চার্টাড ম্যাকাউন্টেণ্ট এ. কে. সেনগুপ্ত।

আমি জিজ্ঞেস করলাম, কী ব্যাপার ? তোমার সঙ্গে কি এই ভদ্রলোকের বিলেতে চেনাশুনো ছিল ?

কমলজ্যোতি কথাটা এড়িয়ে গিয়ে বললো, চলো যাওয়া যাক। সারারাত রাস্তায় কাটাবো নাকি ? বাড়ি ফিরতে হবে না ?

li 👁 li

বিশেষ কাজে দিন সাতেকের জন্ম আমাকে আসামে যেতে হলো। কিন্তু সাত দিন পরেও ফেরা হলো না। ত্রিপুরায় শান্তমু চাকরি করে। খবর পেয়ে শান্তমুও মফিসের কাজের ছুতোয় চলে এলো শিলচরে। বললো, চল্ হাফলং-এর ডাকবাংলোয় গিয়ে ক'দিন কাটিয়ে আসা যাক্। চমংকার জায়গা।

আমরা বলুরা এখন সবাই প্রায় চাকরিতে চুকে পড়েছি, কেউ কেউ সংসারীও হয়েছে। কিন্তু দেখা হলে প্রথম যৌবনের সেইসব দিনগুলোর কথা মনে পড়ে যায়। তখন সংসার কিংবা চাকরি-বাকরির কথা ভুলে যেতে ইচ্ছে করে।

শান্তমু আজকাল থ্ব রাজনীতি নিয়ে মাধা ঘামাচছে। চাকরি-টাকরি ছেড়ে দিয়ে পুরোপুরি মামুষের মুক্তির বিপ্লবে ঝাঁপিয়ে পড়বে এরকম ভাবছে। আমাকে বললো, ভোর সঙ্গে এই চারদিন হাফলংএর বাংলোয় কাটিয়ে আমার লাভ হলো কি জানিস ? মাথাটা
একটু পরিকার হলো। এ ক'দিন রাজনীতির কথা একেবারেই
বলি নি। সব সময় একটা জিনিস নিয়ে ভাবলে মাথাটা জ্যাম
হয়ে যায়, যুক্তি বোঝার ক্ষমতা হারিয়ে যায়। যারা গভীরভাবে
রাজনীতি করে, তাদের উচিভ, মাঝে মাঝে ছ' একদিনের জ্ম্য
ওসব ভূলে ছবি আঁকা কিংবা গান-টান শুনে সময় কাটানো। এই
জ্মাই-বোধহয় মাও সে ছুং কিংবা হো চি মিন কবিতা লিখতেন।

আমি জিজেস করলাম, শাস্তমু, তুই এখন আর কবিতা লিখিস নাং

- —না: ! পারি না। লিখতে গেলেই প্রেমের কবিতা এসে যায়। ওসব আর কোনো মানে হয় না লেখার!
- —প্রেমের কবিতার আর কোনো মানে হয় না বৃঝি ? তার মানে প্রেম নেই ? শুধু খাওয়া-পরা আর বেঁচে থাকার অধিকারের নামই মান্ধুবের মৃক্তি ?
- —-ওসব পরের কথা। আগে খাওয়া-পরা বেঁচে থাকার অধিকার সবাই সমানভাবে পাক, তারপর ওসব হবে।
 - মর্থাৎ এখন কয়েক বছর কেউ কাউকে ভালবাসবে না <u>?</u>
 - -- তুই-ও আবার বাজে তর্ক আরম্ভ করলি ?
- আছা শাস্তমু, তোকে অন্থ একটা কথা বলি। একজন মামুষ যদি নিজের ইচ্ছে মতন নিজের জাবনটা খরচ করে, কিংবা ধরা যাক, নই করে, তা হলে সে সম্পর্কে কারুর কি কিছু বলার থাকতে পারে !
- —নিশ্চয়ই। সে যে সমাজে বেঁচে আছে, সেখান থেকে সে অনেক স্থােগ স্থবিধে নিচ্ছে—তার বদলে সে কিছুই দিচ্ছে না— এইটাই একটা অপরাধ।
- —সমাজ-ছাড়া মাতুৰও তো হয়। যে সব সাধ্-সন্ন্যাসী পাহাড়ে পৰ্বতে থাকে—-

- —তারা থাক্। তাদের জ্বন্স চিন্তা নেই।
- —রিসেন্টলি একটা ছেলের সঙ্গে আমার আলাপ হয়েছে, বুঝলি। ছেলেটার নাম কমলজ্যোতি। এর কেসটাই ধর। বেশ রহস্তময়। ছেলেটার চেহারা স্থন্দর, বিলিতি ডিগ্রি আছে, ইচ্ছে করলেই একটা ভালো চাকরি জোগাড় করে স্থন্দর মতন কোন মেয়েকে বিয়ে করে মোটামুটি সো-কল্ড সুখী জীবন পেতে পারে। কিন্তু ছেলেটা শুধু বাউভুলেপনা করে। রোজই প্রায় বন্ধুদের জন্ম প্রচুর টাকা খর্চ করে পার্টি দেয়—মাঝে মাঝে সারা রাত না ঘুমিয়ে জেগে থাকে— তুই একে কি বলবি ? এ তো কারুর ক্ষতি করছে না—শুধু নিজেরই ক্ষতি করছে। একে কি নিন্দে করা যায় ?
- —তোর কাছে কি এটা একটা থুব ভালো ব্যাপার ? তা হলে তো যে আত্মহত্যা করে, সেও তোর কাছে ভালো।
- আকাশ থেকে যথন একটা তারা থসে পড়ে, সেটাও তো একটা মৃত্যু। একটা কিছু নষ্ট হয়ে যাওয়া—কিন্তু দেখতে ভালো লাগে।

কমলজ্যোতির সব কথা শুনে শাস্তম্ব বললো, যা মনে হচ্ছে, ছেলেটার সঙ্গে তোর বেশি মেলামেশা না করাই ভালো। ছেলেটা খুব সম্ভবত স্পাই কিংবা সি আই এ'র দালাল। ওরা এই রকম টাকা-পয়সা খরচ করে লোককে হাতে রাখার চেষ্টা করে। অথবা ছেলেটা মানসিকভাবে অসুস্থ।

শান্তমুর কথাটা আমার একটুও মনঃপূত হলো না। আমবা যে-সব মামুষকে বুঝতে পারি না তারই ঘাড়ের ওপর কিছু একটা চাপিয়ে দিই। হয় সে মহামুভব অথবা চোর বা দালাল। কমলজ্যোতির সম্পর্কে এর কোনো কথাটাই ঠিক মত খাপ খায় না।

অাসাম থেকে ফিরে আমি মাধুরীকে পেয়ে গেলাম। মাধুরী পাটনা থেকে ফিরেছে আমারও আগে। সুতরাং সংক্ষাবেলা কমলজ্যোতির ফ্লাটে যাবার দরকার হয় না আমার। মাধুরীর সঙ্গে দেখা হলে আইনস্টাইনের থিয়োরি প্রমাণিত করে গোটা সঙ্কোটা উড়ে যায় এক নিমেযে।

মাঝে মাঝে উড়ো খবর পাই, বন্ধু-বান্ধবর। অনেকেই গিয়ে আড়া জমিয়েছে কমলজ্যোতির ক্লাটে। কমলজ্যোতি প্রায় প্রতিদিনই পার্টি দিছে, প্রচুর খাওয়া-দাওয়া ও গান-বাজনা। এক-একদিন পঁচিশ-তিরিশ জন ছেলে-মেয়ে কমলজ্যোতির ক্লাটে। ওর ঘর ভতি হয়ে যায়। তবে, একথাও শুনতে পাই, কমলজ্যোতি ঠিক তৃশ্চরিত্র স্বভাবের নয়। মেয়েদের প্রতি ওর সন্মানবোধ খুব তীব্র। সব সময় বিলিতি সৌজ্ব রেখে মেয়েদের সঙ্গে কথা বলে।

একদিন মাধুরীর সঙ্গে একটা মিনেমা দেখে বেরুচ্ছি হঠাৎ কমলজ্যোতির সঙ্গে দেখা। খপ্করে আমার হাত চেপে ধরে বললো, কি ব্যাপার, তুমি আমাকে অ্যাবান্ডান করলে কেন ?

আমার মনে পড়লো শান্তনুর কথা। কমলজ্যোতি যদি সভাই স্পাই হয়
স্পাই হয়
স্পাই শুনলেই কী রকম যেন ভয় ভয় করে।

আড়েউভাবে বললাম, না, মানে আজকাল আর সময় পাইনা।

—সময় পাওনা ? সব সময় এত কিসের ব্যস্ত ?

কমলজ্যোতি মাধুরীকে দেখতে পায়নি। কিংবা দেখলেও ওবে আমার সঙ্গে আছে, সেটা বুঝতে পারে নি। বুঝতে পেরে সসম্ভ্রমে বললো, ও, আ জ্যাম সরি! আপনাদের ডিসটার্ব করলাম!

মাধুরীর সঙ্গে আলোপ করিয়ে দিলাম কমলজ্যোতির। মাধুরী ওর কথা আণো একটু একটু শুনেছে। মাধুরীর বেশ আগ্রহ আছে ওর সম্পর্কে মনে হলো। বাউপুলে ছেলেরা সমাজে মূল্য পায় না, কিন্তু মেয়েদের বেশ হুর্বলতা থাকে ওদের সম্পর্কে।

আলাপ হবার পর কমলজ্যোতি বললো, আপনারা কি এখন খুব ব্যস্ত ? কোথাও যাবার কথা আছে ? নইলে চলুন না আমার ওখানে গিয়ে একটু বসবেন। বেশী দূরে তো নয়। আমার যাওয়ার ইচ্ছে ছিল না। কিন্তু মাধুরী ততক্ষণে নিমরাজি। বোধহয় ব্যাচেলার বাউভুলের ঘর কি রকম হয়, সেটা দেখার জক্ম ওর কৌতুহল।

আমি কমলজ্যোতিকে বললাম, আজ সংক্যেবেলা এমন সময় তুমি রাস্তায় যে ? তোমার ওখানে সবাই জমায়েত হয়নি ?

ফ্যাকাসে হয়ে গিয়ে ও উত্তর দিল, না, কয়েকদিন ধরে বিশেষ কেউ যাচ্ছে না। আমি একা একা ঘরে বদে থাকতে পারিনা কিছুতেই। আমার অসহ্ লাগে। ভোমরা একটু চলো না। বেশীক্ষণ আটকাবো না।

চলে এলাম কমলজ্যোতির বাড়িতে। সিঁড়ি দিয়ে উঠতে উঠতে মনে হলো, শান্তমুর কথাটা বাজে। কমলজ্যোতি যদি স্পাই হয়, তা হলে সরকারী হোমরা-চোমরাদের ছেড়ে আমাদের সঙ্গে মেশার এত আগ্রহ কেন ? আমাদের কাছ থেকে কি পাবে ?

কমলজ্যোতির ফ্ল্যাটের দরজা থোলার পর ভেতরে চুকে আমি অবাক। সেই সোফা কোচ চেয়ার টেবিল ইত্যাদি কিছুই নেই। ঘরের মাঝখানে শুধু একটা খাট পাতা।

- কি ব্যাপার, তোমার সব ফার্ণিচারগুলো কোথায় গেল। হাসতে হাসতে কমলজ্যোতি উত্তর দিল; সব হাওয়া।
- —ভার মানে ? চুরি হয়ে গেছে।
- —না, না, চুরি হয়নি। বাজিওয়ালা নিয়ে গেছে।

মেয়েরা সাধারণত অপরিচিত লোকেদের বাড়িতে গিয়ে খাটে বসেনা। মাধুরী দাঁড়িয়ে আছে। কমলজ্যোতি সেটা ব্ঝতে পেরে কোখা থেকে একট। টুল জোগাড় করে আনলো। সেটার ধুলো ঝেড়ে মাধুরীকে বললো, আপনার একট্ কষ্ট হবে অবশ্য—

মাধুরী ভত্রতা করে বললো না, না, কষ্ট হবে কেন ?

কমলজ্যোতি আমার দিকে তাকিয়ে বললো, এখন আমার ঘরে আড্ডা বদলে ফ্রোরে বদেই হয়! ফার্নিচারগুলো সব বাঙ্ওিয়ালার ছিল। আমি হু'মাসের ভাড়া দিইনি তো—তাই সব নিয়ে গেছে। আমাকে তোলার জন্ম কেস করছে—

- --এই ফ্ল্যাটটার ভাড়া কত !
- —একশো কুড়ি টাকা।
- —মাত্র ? এই রকম পাড়ায়—
- —ব্যাপারটা কি জানো। এই ক্ল্যাটটা আমার কাকার নামে ভাড়া ছিল—অনেকদিন আগে। আমার কাকা যে মারা গেছেন, সেটা বাড়িওয়ালা জানে না। জানতে পারলে আমাকে খুব সহজেই তুলে দিতে পারে। এ বাড়ীর বেশির ভাগই পুরোনো ভাড়াটে। ভাড়া খুব কম।
 - —তাই বাড়িটার যত্ন নেই কোনো।

কমলজ্যোতি বললো, দাঁড়াও একটু আসছি আমি। একুণি আসবো।

মিনিট দশেকের মধ্যে কমলজ্যোতি একগাদা খাছা আর পানীয় এনে হাজির করলো। ওর বাড়ির কাছেই একটা ভালো রেস্তোর। আছে।

মাধুরী এত খাবার-টাবার আনার জন্ত থুবই আপত্তি জানাতে লাগলো।

কমলজ্যোতি অপ্রস্ততভাবে হেসে বললো, আপনি এই প্রথম এলেন তো! আমার বাব্র্চিটাকে ছাড়িয়ে দিয়েছি, তাই আমাকে নিজেই আনতে হলো। জানো সুনীল, এখন আমি নিজেই চা বানাই। এমনকি ভাতটাতও রাধতে পারি।

বুঝতে পারলুম, কমজ্যোতির টাকা পয়সা ফ্রিয়ে এসেছে।
দিনের পর দিন অত পয়সা খরচ করলে রাজা মহারাজারাও
আজকাল কুলোতে পারে না। সামাস্থ একশো কুড়ি টাকা ভাড়া
দিতে পারছে না, তখন অবস্থা খুবই খারাপ। আমি বললাম, যাঃ,
ভূমি এতগুলো টাকা খরচ করে এসব কিনে আনলে কেন
বলো তো়ে ?

—আরেঃ, তুমি কি আমাকে একেবারে গরীব ভাবলে নাকি ?

একটু খাবারও কিনতে পারবো না ? আমার বাবার সাকসেশান
সার্টিফিকেটটা এখনও বেরোয়নি, তাই ব্যান্ধের টাকা কিছু পাচ্ছিনা।
কদিন পরেই সব ঠিক হয়ে যাবে।

কিন্তু কথাবার্তা সেরকম আর জমলো না। কমলজ্যোতির ঘরে আগে যতবার এসেছি, অনেক ভিড় দেখেছি। এখন আমরা তিনজন মাত্র, তাই বেশ ফাঁকা লাগছে।

কমলজ্যোতি মাধুরীকে জিজেল করলো, আপনি গান গাইতে পারেন ? একটা গান করুন না!

মাধুরী বললো, আমি গান জানিনা।

— নি*চয়ই জানেন। একটা শোনান। কী সুনীল, উনি গান জানেন না ?

আমি ছুছুমী করে বললাম, দারুন গান জ্ঞানে। শিগগিরই সিনেমায় প্লেব্যাক করবে।

বেশকিছুক্ষণ অমুরোধ উপরোধ ও মাধুরীর না না'র পর কমলজ্যোতি হাল ছেড়ে দিল। তারপর বললো আপনাদের তাহলে ছটো দারুন গান শোনাই। রবীক্রদঙ্গীতের একটা রেকর্ড নতুন বেরিয়েছে।

খাটের তলা থেকে কমলজ্যোতি একটা রেকর্ড প্লেয়ার টেনে বার করলো। আমার দিকে তাকিয়ে বললো, একা একা হখন অসহ্য লাগে থ্ব, রেকর্ড প্লেয়ারটা চালিয়ে দিই, মনে হয়, পাশে বসে আমাকে কেউ গান শোনাছে।

আমি বললাম, তুমি আর এরকমভাবে কতদিন থাকবে ? তাকরি বাকরি কিছু করবে না ?

একটু অশুমনস্ক হয়ে কমলজ্যোতি বললো, চাকরি ? হাঁা, খুজাভে হবে এবার।

রকড টা ভরু হতেই মাধুরী বললো, এটা মায়া সেনগুপ্তার গান না ? উন্তাসিত মুখে কমলজ্যোতি বলল, হাা। আমার দারুন লাগে এর গান। আপনি আগে শুনেছেন ?

মুচকি হেসে মাধুরী বললো, শুনেছি।

আমি অবশ্র মায়া সেনপ্তার গান আগে শুনিনি। মেয়েটির গলা বেশ ভালোই। তবে, এমন কিছু দারুণ নয়। কমলজ্যোতি চোখ বুজে শুনছে আর ভাবের ঘোরে হুলছে।

গান হুটে শেষ হবার পর মাধুরী বললো, মায়ার গান আপনার এত ভালো লাগে – ভকে বলতে হবে তো! মায়া আমার ধুব বন্ধ।

কমলজ্যোতি চমকে উঠলো। ব্যগ্রভাবে বললো, আপনি চেনেন ওকে १

—হা। অনেকদিন। আমরা একসক্ষে পড়তাম। তারপর মায়। বিলেত গেল সাইকলজি পড়তে। ওখানেই বিয়ে করেছে।

কী যেন একটা ব্যাপার আমার মনে পড়ার কথা। আমি একটু অস্বস্থি বোধ করতে লাগলাম দেটা মনে করতে না পেরে। একটু বাদেই মনে পড়লো। মাধুরীকে জিজেদ করলাম, মায়া দেনগুণ্ডা কোণায় পাকে বলো তো।

- —হাজরা রোডের কাছে
- -- ব্ঝতে পেরেছি। ওঁর স্বামীর নাম এ কে সেনগুপ্ত ? চার্টার্ড অ্যাকাউন্টেট ?
 - হাা, খুব বড় চাকরি করে ওর বর—

আ।মি কমলজ্যোতির দিকে তাকালাম। কমলজ্যোতি অম্যদিকে মুখ ফিরিয়ে আছে। আমি স্থিজ্ঞেদ করলাম, কমলজ্যোতি, তোমার সঙ্গে এই মায়া দেনগুপ্তার বিলেতে আলাপ হয়েছিল, তাই না ?

কমলজ্যোতি আস্তে আস্তে বললো, তখন ওর নাম ছিল মায়া রায়:

মাধুরী সঙ্গে সঙ্গে বললো, হাঁা, মায়া রায়। আপনি চেনেন ভকে ? ওর সঙ্গে দেখা হলে আপুনার কথা বলবো। কমলজ্যোতি বিমর্বভাবে বললো, না, বলবেন না। উনি বোধহয় আমাকে চিনতে পারবেন না।

ঠিক আছে, চলুন একদিন আমার সঙ্গে, নতুন করে আবার আলাপ করবেন।

- -- **a**1, **a**1--
- আপনি মায়ার গান ভালবাসেন। চলুন একদিন সামনা-সামনি ওর গান শুনবেন। ও সভ্যি থুব ভালো গায়। ওর বরের সঙ্গে আলাপ করে দেখবেন থুব চমংকার লোক—

কমলজ্যোতি আন্তে আন্তে বললো, না, তার দরকার নেই। রেকড শুনতেই আমার ভালো লাগে।

আমি ব্যাপারটা অনেকখানি অনুমান করতে পেরে বললাম, মাধুরী, আমার সঙ্গে একদিন মায়া সেনগুপ্তার আলাপ করিয়ে দিও তো। আমি ভন্তমান্তলাকে দেখতে চাই।

মায়া সেনগুপ্তার সঙ্গে আমার আলাপ হলো মাধুরীদের বাড়িতে। বেশ ছিমছাম শান্ত ধরনের মেয়ে। থুব একটা স্থুন্দরী বলা যায় না, তবে মুখে চোখে একটা আলগা লাবণ্য আছে, তাকালেই ভালো লাগে।

একট্ও অহংকার নেই মেয়েটির। গান শোনাবার অন্ধরোধ করলেই একটার পর একটা গান গেয়ে যায়। শুধু যে গায়িকা হিসাবে শুনাম হয়েছে তাই নয়, মায়া সেনগুপ্তা যে লেখা-পড়াতেও ভালো এবং বিলেভ ঘুরে এসেছে— ব্যবহারে ভার চিহ্নাত নেই।

আমি বেশীক্ষণ কৌতুহল চেপে রাখতে পারলাম না। একটু বাদেই জিজেনে করলাম, আপনি কমলজ্যোতিকে চেনেন ? আপনার গানের খুব ভক্ত ?

মায়া সেনগুলা অবাক হয়ে বললো, না চিনিনা ভো। কে বলুন ভো ?

— কমলজ্যোতি চ্যাটার্জি। বিলেতে আপনার সঙ্গে আলাপ হয়েছিল।

-একদম মনে পডছেনা।

আমি মায়া সেনগুপ্তার চোখের দিকে খর চোখ রেখে বললাম, বিয়ে হয়ে যাবার পর আগেকার ছেলে বন্ধুদের নাম মনে রাখতে নেই, তাই না ?

- —যা:, ও নামে সভািই আমার কোন বন্ধু ছিল না।
- —আপনার স্বামীর বন্ধু ছিল তা হলে ?
- —তাও মনে পডছে না! কি রকম দেখতে বলুন তো ?

আঁমি কিছুটা বর্ণনা দেবার পরই মায়া সেনগুপ্তা বললেন, ওঃ হো কে. জে ? তাই বলুন ! ওর নাম যে কমলজ্যোতি তা কি করে জানবো ? আপনি ওকে চিনলেন কি করে ?

—ও এখন কলকাতায় থাকে।

মায়া সেনগুপা একট গন্তীর হয়ে বললো, আমাব ভালো লাগতো না। এক রকমের টাঁ সি টাইপের ছেলে থাকে না ? সেই ধরনের। বিলেত গিয়েই খুব সাহেব হয়ে যায়। নিজের ভারতীয় পরিচয়টা মুছে ফেলতে চায়। নিজের নামটাও ভালো করে বলতে চায় না। ও ভো সব সময় বলতো, আমার নাম কে. জে. চ্যাটার্জি! কল মি কে. জে!

আমার মনে পড়লো কমলজ্যোতির সঙ্গে প্রথম আলাপেই আমাকে বলেছিল, আমার নাম কমলজ্যোতি। শুধু কমলও নয়, শুধু জ্যোতিও নয়। আমার পুরো নাম না বললে আমি চটে যাই।

সামাশ্য হেসে আমি বললাম, ছেলেটা অনেক বদলে গেছে। ও বুঝি বিলেতে আপনাকে খুব জালাতন করেছে।

—না, জালাতন আর কি করবে। ওখানে গিয়ে প্রথম দিকে
বন্ধু-বান্ধবের মুথে খুব নাম শুনতাম, কে. জে। কে. জে। ভাবতাম
কে যে সেই লোকটা। তারপর একসময় পুজোর পর বিজয়া সন্মিলনী
হলো একটা বাড়িতে। সেখানে ওকে দেখলাম। আমার তো ওর
ভাবভঙ্গী দেখে খুব হাসি পেয়েছিল। কথায় বার্তায় পুরো সাহেব,

বাংলা বলেই না—কাঁটা চামচে ছাড়া ভাত খেতে পারে না, এই ধরনের লোকদের আমি সহ্য করতে পারি না।

- --- আপনি বুঝি অপমান করেছিলেন ৬কে ?
- —না, না, অপমান করবো কেন ! ছি ছি, আমাকে সেরকম ভাববেন না। তবে ওকে দেখলেই আমার হাসি পেয়ে যেত। মাঝে মাঝে বাঙালীদের বাড়িতে আমি গান গাইতে যেতাম, সেখানে দেখতাম ওকে। খুব বেশী আলাপ হয়নি। তা ছাড়া, ঐ ভদ্রলোক ভালো বাংলাই জানতেন না, পছন্দ করতেন না আমার গান—এসেই নানারকম বকবক শুকু করে দিতেন।
- -- ও কিন্তু আপনার গান দারুন ভালবাসে। আপনার রেকর্ড চালিয়ে শুয়ে থাকে বিভানায়।
 - —তা হলে পরিবর্তন হয়েছে বলতে হবে!

আমি একট্থানি চুপ করে থেকে সিগারেট ধরালাম। মাধুরী বললো, ভদ্রলোককে সেদিন দেখে আমার মনে হলো, একটা কিছু বড় পরিবর্তন হঠাৎ ঘটে গেছে ওর জীবনে।

মায়া সেনগুপ্তার এই কথাবার্তা স্পষ্টতই পছন্দ হচ্ছে না। শাড়ীর ভাঁজ ঠিক করে বললো, আমি এবার উঠবো। আমাকে আবার ক্লাস নিতে হবে।

আমি বলসাম, আর একটু বস্ন। আপনাকে আর একটা প্রশ্ন করবো গ যদি কিছুনা মনে করেন —

- হাঁা, বলুন না।
- —কমলজ্যোতি কি আপনাকে বিয়ে করতে চেয়েছিল ?

মায়া সেনগুপ্তা থানিক্ষণ চুপ করে রইলো। আমি ভাড়াভাজ়ি বললাম, আপনার যদি এ ব্যাপারটা নিয়ে কথা বলতে থারাপ লাগে, ভা হলে থাক।

লজ্জার অরুণ আভা ছড়িয়ে গেছে মায়া সেনগুলার মুখে। খুব নিচু গলায় বললো, হাা। কি মুস্কিল বলুন তো! কথা নেই বার্তা নেই, একদিন ট্রাফালগার স্কোয়ারে ওর সঙ্গে দেখা— আমার সঙ্গে কিছুটা হেঁটেই আমাকে বললো ও আমাকে বিয়ে করতে চায়! শুনেই আমার এমন হাদি পেয়ে গিয়েছিল—

আমি বললাম, এটা আপনার নিষ্কুরতা। বিয়ের প্রস্তাবে আপনি রাজী হতে না পারেন, কিন্তু মুখেব ওপর হেদে ওঠা উচিত না— অফাটার অল, ভেলেটা এমনিতে ভালো—

- —সেই কথাই তো বলছি। আমি তো সাধারণ মেয়ে। ও বিলেতে অনেকদিন ধরে আছে, ভালো চাকরি করে, অনেক মেস সাহেবের সঙ্গে পরিচয়।
- —তাদের একজনকে অনায়াসেই বিয়ে করতে পারতো।
 আমার সঙ্গে ওর রুচিতে মেলে না, কালচারে মেলে না। তা ছাড়া
 উনি বিলেতেই সেট্ল করতে চান, আর আমি পড়াগুনো শেষ
 করেই পালিয়ে আসার জন্য ব্যস্ত—
- —তারপর কি হলো ? আপনি রিফিউজ করার পর ও কি করলো ?
- —আরও অনেকবার আমার সঙ্গে দেখা করেছেন। ঐ একই কথা বলেছেন। তথন যদি আমি একটু বিরক্তি প্রকাশ করে থাকি —সেটাকে কি আপনি নিষ্ঠুরতা বলবেন ? আমি অবাক হয়ে ভাবতাম, উনি হঠাৎ আমার জন্ম এরকম করছেন কেন ? আমি দেখতেও এমন কিছু সুন্দরী নই, তা আমি ভালোভাবেই জানি; মেম সাহেব বিয়ে করতে তো উনি পারতেনই, বাঙালী মেয়েও—বিলেতে অনেক বাঙালী মেয়ে আছে, অনেকেই সুন্দরী। অনেকেই বিলেতে সেট্ল করার সুযোগ পেলে বর্তে যায়—তা ছাড়া আপনার ঐ বন্ধু শুনেছি বেশ ভালো চাকরি করতেন—অনেক মাইনে। আমি শেষের দিকে খুব বিরক্ত বোধ করতাম।
- —কখন কার যে কি মনে লেগে যায়, কেউ বলতে পারে না। কমলক্ষ্যোতি বোধহয় আপনার মধ্যে এমন কিছু একটা পেয়েছিল।
- —সত্যি কথা কি জানেন, অপূর্ব, মানে আমার স্বামী—ওর সঙ্গে আমার দেশে ফিরে এসে বিয়ে হবার কথা ছিল। কিন্তু 👍

কে. জে'র জালাতনের জন্যই আমরা তাড়াতাড়ি বিলেতে বিয়ে করে ফেল্লাম।

—কমলজ্যোতি কিন্তু এখন অনেক বদলে গেছে। এখন খুব ভালো বাংলা শিখেছে, রবীক্রসঙ্গীত ভালোবাসে—এখন আর আপনি ওকে ট্যাস বলতে পারবেন না।

অসমনস্কভাবে মায়া সেনগুপ্তা বললো, বদল হয়ে থাকলে ভালোই তো!

—আপনাকে একটা অমুরোধ করবো ? আপনি ওর সঙ্গে একদিন দেখা করবেন ? মানে, ওকে নিয়ে আসবো আপনার কাছে—

—কেন ?

- এমনিই। ও বোধহয় খুশী হবে। ও যে আর আগের মতন নেই - আপনি এটা দেখলে ও খানিকটা সাল্তনা পাবে।
 - —না। আর দেখা-টেখা না করাই ভালো।

বার্থ প্রেমিকদের সম্পর্কে মাধুরীর খুব উৎসাহ। মাধুরী বললো, কেন রে মায়া, একদিন একটু দেখা করতে কি দোষ আছে গু বেচারা যদি একটু সাস্ত্রনা পায়—

মায়া সেনগুপা দৃঢ় গলায় বললো, না।

1 8 II

যারা অনেকদিন বিলেত টিলেতে থেকে এসেছে, তাদের দেখলে, আমরা যারা বিলেতে যাইনি, আমাদের মনে ছ'করম ভাব আসে। কখনো আমরা বিলেত সম্পর্কে নানারকম কৌতৃহলী প্রশ্ন করি, প্রতিদিনের জীবনযাত্রার স্থুখ স্থবিধে বিষয়ে জানতে চাই। অথবা, এমন ভঙ্গি করি, বিলেত তো এখন জল ভাত, রাম, শ্যাম, যত্ত্ব, মধুও খুরে আসছে, ও নিয়ে আর কথা বলার কি আছে! আজকাল এই দিতীয় ভঙ্গিটাই প্রবল। বেচারা বিলেত

ফেরৎরা ইদানীং আর মনের সুখে বিলেতের গল্প বলারও সুযোগ পায় না।

কমলজ্যোতি আর প্রদীপের ব্যাপারটা আবার অক্সরকম।
কমলজ্যোতি সব মিলিয়ে বারো কি চৌদ্দ বছর লওনে কাটিয়ে
এসেছে, তার মুখে চোখে, পোষাকে, গায়ের রঙে, কথাবাঙায়
এখনো নিভূলি বিলিতি ছাপ। কিন্তু সে কখনো বিলেতের প্রসঙ্গ তোলে না। সে বরং তার বাল্যস্তি খুঁড়ে জাগাতে চায়।

আর প্রদীপ কখনো বিলেতে যায় নি, এমন কি তার দূর সম্পর্কিত কোনো মামাও কোনোদিন বিদেশে কোথাও গেছে, এমন কথা শুনি নি, অথচ প্রদীপের মুখে সব সময় বিলেতের গল্প। প্রদীপের একমাত্র যোগ্যতা, সে কমলজ্যোতির বন্ধু।

অফিসের ছুটি হবার সময় হয়ে এসেছে, বেরুবার জন্স কাগজ পত্র গুছোচ্ছি, এমন সময় প্রদীপ এসে হাজির।

এসেই বললো, ডবল ডিমের অমলেট, টোস্ট আর চা বলতো! ভোদের ক্যান্টিনে কি কেক রাখে ?

আমি বললাম, না। খুব খিদে পেয়েছে গু এখন আর অফিসে বসে থেকে কি হবে। চল, বাইরে বেরুনো যাক।

প্রদীপ বললো, না, না, এখনো তো পাঁচটা বাজে নি। তোদের ক্যাণ্টিনের খাবার খুব চমৎকার। ফার্সট ক্লাশ প্রিপারেশন।

আমাকে হাসতে হলো। ওমলেট আর টোস্ট-এর রান্নার আবার কি বিশেষত্ব থাকবে।

প্রদীপ আমার হাসির অর্থ ব্যতে পেরে বললো, তোদের এথানকার ডিমের স্বাদই আলাদা। তাড়াতাড়ি অর্ডার দিয়ে দে। তোদের এথানকার থাবার কেন বেশী ভালো লাগে জানিস, ভোকে তো পয়সা দিয়ে কিনতে হয় না, সেইজক্য।

আমাদের ক্যাণ্টিনে প্লিপ লিখে পাঠালেই খাবার আসে। প্রদীপকে একথা আর জানালুম না যে মাসের শেষে সবগুলো প্লিপ যোগ করে মাইনে থেকে কেটে নেয়। পয়সা না নিয়ে খাবার দেবে – এমন কোনে অফিস স্বর্গে থাকতে পারে। মাটির পৃথিবীতে নেই।

প্রদীপ বেশ তৃপ্তি করে খেলো। তারপর বললো, চল্ এবার ওঠা যাক্। আমি বিকেলের দিকে রোজ কিছু থেয়ে নিই কেন জানিস! এর পর হুইস্ফি টুইস্ফি খেতে হলে, খালি পেট থাকা ভালো নয়, বুঝাল না গ

আমি শঙ্কিত ভাবে প্রশ্ন করলুম, তুইস্কি আবার 'কে খাওয়াবে গ

- —কেন কমলজ্যোতি গ
- তুই এখন কমলজ্যোতির বাড়িতে যাচ্ছিস্ ?
- —না। ও আজ সাড়ে পাঁচটার সময় মেট্রোর সামনে এসে দাঁঢ়াবে আমার জন্ম। দেরীন। হয়ে যায়, চল্, চল—

বাইরে বেরিয়ে দেখলাম থুব মিহি রৃষ্টি পড়ছে! বাতাসে মিশে আছে সূক্ষ্ম-জলকণা। এই রকম রৃষ্টিতে হাটতে অস্থবিধে হয় না।

প্রদীপ বললো, টিপিক্যাল লগুন ওয়েদার! না রে গ

আমি কি করে জানবো! তাই বললাম, ইংরেজরা যখন এদেশে ছিল, তথন বোধ হয় বিলেত থেকে এরকম বৃষ্টি নিয়ে এসেছিল।

- আর ইংরেজরা এদেশ থেকে যত জিনিস ওদের দেশে নিয়ে গেছে, তার সব ডিটেইলস এখনও আমরা জানি না। কমলজ্যোতির মা যখন বাকিংহাম প্যালেসে ব্যাংকুয়েটে গিয়েছিলেন –
 - গিয়েছিলেন বুঝি ?
- —আলবাং! ওর মা কত ফেমাস ছিলেন, তুই ধারণা করতে পারবি না। ডিউক অব এডিনবরা নিজে ওর হাত ধরে পাশে বসিয়েছিলেন, ফিসফিস করে বলেছিলেন, নাইটিংগেল অব ইণ্ডিয়ার পাশে বসেছি, এটা আমারই সৌভাগ্য —

— তুই এমন ভাবে বলছিস, যেন নিজের চোখে দেখেছিলি ?

একটু ও ঘাবড়ে না গিয়ে প্রদীপ বললে, নিশ্চয়ই দেখেছি
নিজের চোখে। ছবিতে। লগুন টাইমসে ছাপা হয়েছিল—

মেট্রো সিনেমার সামনে অত ভিড়ের মধ্যেও কমলজ্যোতিকে আলাদা ভাবে চোখে পড়ে। সাদা ধপধপে প্যাণ্টের সঙ্গে একটা কুচকুচে কালো রঙের সিক্সের সাট পরে আছে। কালো সাট পরা পুরুষ মানুষ কদাচিৎ দেখা যায়। ওর ফ্র্যা রঙের সঙ্গে খুব ভালো মানিয়েছে একথা খীকার করতেই হবে। মাথা ভতি বড় বড় চুল। অনেকেই ওর দিকে ফিরে ফ্রিরে তাকাছে।

আমাদের দেখে কমলজ্যোতি এগিয়ে এলো। থাবার মতন হাত বাড়িয়ে আমার হাত ধরে ঝাঁ।কুনি দিয়ে বললো, কি। সে-দিনের পর আর দেখাই নেই! কোথায় ভিলে ?

আমি বল্লাম, কলকাতা শহরেই।

ক্মলজ্যোতি বললো, কলকাতা শহরটা বড্ড যোরালো জায়গা। যখন যার সঙ্গে ভোমার দেখা করতে ইচ্ছে হবে, কিছুতেই খুঁজে পাবে না। এত লোক অথচ প্রায় স্বাই স্বার অচেনা, এটা একটু আশ্চর্য নাণু

কমলজ্যোতি কলকাতার থেকেছে খুব কম দিনই। আমি বহু বছর কলকাতায় আছি বলে, এ সব কথা আমার মনে পড়ে না।

একজন বিলেত ফেরতের মুখে বলকাতা সম্পর্কে উচ্ছাস প্রদীপেথ পছনদ হয় না। সে কথা ঘুরিয়ে নিয়ে বললো, ভোর এই সাটটা বিলিতি নারে ? দারুণ! ইউ লুক আউট্স্টাভিং।

কমলজ্যোতি বললো, তোর পছন্দ হয়েছে ? তুই নিবি।

—আমি আর একটু লম্বা হলে নিতাম।

কয়েকটি ভিথিরির ছেলে ঘিরে ধরেছে আমাদের। এখানে আরু বেশীক্ষণ দাঁড়ানো যায় না। ভিথিরিরা কমলজ্যোতির কাছেই পয়সা চাইছে স্বাই। ক্মলজ্যোতি অশুমনস্ক ভাবে প্যান্টের পকেট থেকে প্য়সা বার করে দিয়ে দিছে এক একজনকে। কোনটা আধুলি বা কোনটা দশ প্য়সা, তা তাকিয়েও দেখছে না। এ ব্যাপারে সাহেবদের মতই অভ্যেস করেছে ক্মলজ্যোতি। দৃশ্যটা আমার ভালো লাগে না।

আমি জিজেদ করলাম, কোথায় যাওয়া হবে
কমলজ্যোতি বললো, বাগবাজার।

- --সেখানে কি আছে?
- জানি না তো। আমি কখনও বাগবাজার দেখিনি, শুধু নামই শুনেছি। পুরোনো জায়গা, তাই না ?
 - —কিন্তু এমনিতে সেখানে দেখবার তো কিছুই নেই <u>!</u>
 - --বাট আই ওয়ান্ট টু গো।

প্রদীপ বললো, ঠিক আছে, বাগবাজারেই যাবো। কিন্তু তার আগে একটু গলা ভিজিয়ে গেলে হতো না।

কমলজ্যোতি বললো, ঠিক আছে, বাগবাজারের কোনো বারে গিয়ে বসলেই হবে। সেখানকার লোকজনের সঙ্গে আলাপ হবে।

প্রদীপ হেসে বললো, এ কি তুই বিলেত পেয়েছিস নাকি ? বাগবাজারে কেনো বার নেই। কলকাতায় মদের দোকান খুব লোকালাইজড্। জিংকিংটা এখানে অনেকটা ট্যাবু তো।

আমি কথা না বলে মুচকি মুচকি হাসতে লাগলাম। অস্তৃত ধরণের কথা বলছে এরা। এই বিকেলবেলা বাগবাজারের রাস্তার ঘোরাঘুরি করার কোন মানে হয় ? আজকাল কমলজ্যোতি পারতপক্ষে ইংরেজি বলে না, আর প্রদীপ ক্রমশ: যেন বাংলা ভূলেই যাচছে। বিলেত না গিয়েও আদর্শ সাহেব।

ক্মলজ্যোতি বললো, তাহলে আগে বাগবাজার থেকেই ঘুরে আসি। আমি কেটে পড়ার উচ্চোগ করতে লাগলাম। ব্যাপারটা হাস্তকর। বিনা কারণে বাগবাজার বেড়াতে যাওয়া! এ যেন কোন সাহেবকে নিয়ে শহর দেখানো।

কিন্ত ছাড়া পেলাম না। কমলজ্যোতি আমার হাত ধরে রইলো। প্রদীপ ট্যাক্সি ডাকলো।

আমি একসময় উত্তর কলকাতায় থাকতাম, ওসব দিকের রাস্তাঘাট সব আমার চেনা। এককালে বাগবাজারের রসগোলা আর গুণ্ডা খুব প্রসিদ্ধ ছিল। এখন রসগোলার বদলে আছে তেলেভাজা আর গুণ্ডাদের নতুন নাম হয়েছে মস্তান।

গিরিশ ঘোষের স্মৃতি ভবনের সামনে ট্যাক্সি ছেড়ে দিয়ে হাঁটতে লাগলাম। এদিকে রাস্তা চওড়া হয়েছে, কিন্তু বাগবাজার স্ট্রীট সম্পূর্ণ ই থুঁড়ে রাখা। হাঁটা চলা করা শক্ত। তবু তারই মধ্যে অবিকল টুরিস্ট গাইডের ভঙ্গিতে প্রদীপ বলছে, এই দিকে যুগাস্তর-এর অফিস, ঐ যে ঐটা বোসদের বিখ্যাত বাড়ি—আর এই দিকেই কোথায় যেন সিস্টার নিবেদিতা থাকতেন।

আমি কমলজ্যোতিকে জিজেস করলাম, কি রকম লাগছে ?
কমলজ্যোতি কি রকম একটু গম্ভীর হয়ে গেছে। আমার কথার
কোনো উত্তর দিল না।

এক এক সময় মামুষের মুখে তার বাল্যকালের ছায়া পড়ে।
কমলজ্যোতিকে দেখে এখন আর মনে হয় না, সে একটি বিলেড
কেরং চৌকোশ যুবক। সে যেন ফিরে গেছে তার ছেলেবেলায়।
আমরা যদি এখন হঠাৎ ওকে ছেড়ে চলে যাই, তা হলে ও পথ
হারিয়ে ফেলবে। সেইজন্যই বোধহয় শক্ত করে আমার হাত
ধরে আছে।

প্রদীপ বললে, এই এলাকাটার সঙ্গে বিলেভের কেনসিংটনের একটু মিল আছে না ?

কমলজ্যোতি হঠাৎ বললো, এদিকে গোপীমোহন রায় লেন নামে কোনো রাস্তা আছে ? আমি বললাম, উ হঃ। তবে গোপীমোহন দন্ত লেন নামে একটা রাস্তা আছে।

- সেখানে একবার যাবে ?
- —কেন, সেখানে চেনা কেউ আছে <u>?</u>
- না। এমনিই একবার যেতে চাই। শুধু দেখবো।

এসব কথার কোনো মানে বোঝা যায় না। ঐ রাস্তাটা কলকাতার আ্রেও হাজারটা রাস্তারই মতন। দেখবার কিছুই নেই। তবু যেতে হলো।

সেই রাস্তায় কমলজ্যোতি এসে প্রত্যেকটা বাড়ির দিকে এমন ভাবে তাকাতে লাগলো যেন এরা তার থুব চেনা। তিনটি কিশোরী মেয়ে একটা বাড়ি থেকে বেরিয়ে হাটতে হাটতে কমলজ্যোতির চেহারায় আকৃষ্ঠ হয়ে বারবার তাকাতে লাগলো ফিরে ফিরে।

মেয়ে তিনটি আমাকে ও প্রদীপকে আগ্রাহ্য করে শুধু কমলজ্যোতিকেই দেখছে—এজন্য আমাদের খানিকটা ঈর্যা হলেও হতে পারতো। কিন্তু কি আর করা যাবে কমলজ্যোতির চেহারাটা সত্যিই তাকিয়ে দেখার মতন। বিলেতে থেকে থেকে গায়ের রংটা একেবারে সাহেবদের মতন করে ফেলেছে। এ দেশে ফর্সা রঙের বড কদর। এমন কি ছেলেদেরও।

প্রদীপ জিজ্ঞেদ করলো, কি রে, তুই এই রাস্তায় কারুকে চিনিদ কিনা বল না গু

কমলজ্যোতি ফ্যাকাসে ভাবে হেসে বললে।, না তবে, আমার বাবা এখানেই একটা বাড়িতে জল্মে ছিলেন।

- --কোন খাড়ি ?কত নম্বর ?
- কিছু মনে নেই। শুধু রাস্তার নামটা একটু একটু মনে ছিল, কারণ আমার বাবার লেখা কয়েকখানা চিঠি আমার মায়ের জিনিসপত্তার মধ্যে দেখেছিলাম এক সময়।
- —তোর বাবার নাম বললে নিশ্চয়ই এ পাড়ার'অনেকে চিনবে। বাড়িটা খু'জে বার করা শক্ত কিছু না; তোর বাবার নাম কি ছিল যেন ?

—ধীরেন চ্যাটার্জি। কিন্তু লোককে জিজ্ঞেস করে কোনো লাভ নেই। আমার বাবা মারা গেছেন বোলো বছর আগে। এখানকার বাড়িও বিক্রি হয়ে গেছে অনেকদিন।

প্রদীপ জিজ্ঞেদ করলো, তুই কি এখানে জন্মেছিদ ?

কমলজ্যোতি বললো, না, আমার জন্মস্থান পি. জি. হাসপাতাল। আমি আমার বাবার বাড়িতে কখনো থাকিনি। এমনকি, আমি আমার বাবাকে কখনো চোখেই দেখিনি।

-ভার মানে ?

—হয়তো আমার এক বছর হ' বছর বয়েসে দেখে থাকতেও
পারি, কিন্তু সেটা আমার মনে থাকবার কথা নয়। মোট কথা,
আমার যখন দেড় বছর বয়েস, তখনই আমার মায়ের সঙ্গে আমার
বাবার ঝগড়া শুরু হয়। আমার জয়ের পর আমি ছিলাম মামার
বাড়িতে। আমার মায়ের সঙ্গে আমার বাবার যখন বিচ্ছেদ হয়,
তথন আমার বয়েস সাড়ে চার বছর। বাবা আমাকে চয়েছিলেন,
মা কিছুতেই দেন নি। একটা জেদাজেদির ব্যাপার ছিল।
শেষ পর্যন্ত, বাবা রাগ করে আমাদের সঙ্গে আর কোনো
সম্পর্কই রাখলেন না। কোনোদিন আমাকে আর দেখতেও
চান নি। মরার আগে শুধু আমার জন্ম কিছু টাকা রেখে
গিয়েছিলেন।

আমি জিজেস করলাম, তবু বৃঝি ভোমার পৈতৃক বাড়িটা একবার দেখতে ইচ্ছে করছিল !

কমলজ্যোতি বললো, গতকাল আমি পি. জি হাসপাতালটা দেখতে গিয়েছিলাম। আমার জন্মস্থান। কিন্তু যাই বলো, হাসপাতালটাকে কিছুতেই জন্মস্থান হিসেবে ভাবা যায় না। খালি মনে হচ্ছে, আমার একটা কিছু ফিরে পাওয়া দরকার। খুব ছেলেবেলায় এখানেই তো—

প্রদীপ বললেন, বাড়িটা খুঁজে পাওয়া শক্ত হবে না। তোর যখন এতই দেখতে ইচ্ছে করছে। কমলজ্যোতি হেসে বললো কোন্ বাড়িটা জানি না। তা ছাড়া, সে বাড়ি বিক্রি হয়ে গেছে। স্থতরাং সেটাকে পৈতৃক বাড়িও আর বলা যায় না। তবু, আমার বাবা এই রাস্তায় থাকতেন, এখানে হাঁটা-চলা করতেন, সেটা একটু ফিল করতে এসেছিলাম আর কি! তোমাদের কাছে কি ব্যাপারটা খুব মজার লাগছে !

প্রদীপ বললো, মজার ঠিক নয়—তবে বড় সেটিমেন্টাল ব্যাপার।

আমি বললাম, তুমি যে-রকম সমাজের কথা বলছো, সে রকম সমাজের সঙ্গে আমাদের পরিচয় নেই।

কমলজ্যোতি বললো, তাহলে আর একটা মজার বাাপার শোনো। আমার বাবাকে আমি কখনো দেখিনি, তিনি আমার খোঁজ থবর করেননি কখনো, তবু আমাকে সেই বাবার পদবী রাখতে হয়। পাশপোর্ট কিংবা নানা রকম ফর্মে লিখতে হয় বাবার নাম। তাছাড়া, তোমাদের সকলেরই কাকা-জ্যাঠা বা ঠাকুদা, ঠাকুমা, পিসী, খুড়তুতো জ্যাঠতুতো ভাইবোন—এইসব আছে। থাকে নাং আমার কিন্তু ওসব কিছু নেই। আমার মা আরও ছ'বার বিয়ে করেছিলেন, তাদের কারুকেই কিন্তু আমি বাবা বলতে পরিনি। তারা ছ'জনেই আবার বাচ্চা-টাচ্চা পছন্দ করতেন না বলে আমি চিরকাল থেকেছি হস্টেলে।

প্রদীপ জিজেস করলো, কেন, মামার বাড়ি ?

—সেখানেও যাবার পথ বন্ধ হয়ে গিয়েছিল। যে মহিলা তিনবার বিয়ে করেন, তার কি বাপের বাড়ির সঙ্গে কোনো সম্পর্ক থাকে? তোমাদের এই অর্থোডক্স হিন্দু সমাজে মায়ের কোন স্থান ছিল না।

প্রদীপ বললো, স্বাভাবিক !

আমি মনে মনে কমলজ্যোতির মায়ের চেহারাটা কল্পনা করার চেষ্টা করলাম। প্রায় তিরিশ বছর আগে একজন হিন্দু মহিলা স্বামী পরিত্যাপ করে আবার বিয়ে করেছিলেন। একবার নয়, তিনবার। যেন হলিউডের আকট্রেস। অন্য কায়র মূখে এই মহিলার কাহিনী শুনলে মনে হতো, নিশ্চয়ই একটি ফুশ্চরিত্রা কিংবা লালসাময়া নারী। কিন্তু কমলজ্যোতিকে দেখলে তার মা সম্পর্কে একথা ভাবতে ইচ্ছে করে না। এটা আমাদের এক ধরণের সংস্কার। বরং ওর মায়ের জন্য একটু তুঃখ হয়।

কমলজ্যোতি বললো, আমার নিজের সম্পর্কে আমি বড্ড বেশী কথা কলছি। তোমাদের খুব বোরিং লাগছে নিশ্চয়ই।

প্রদীপ বললো, না, তা নয় ঠিক। তবে বড় তেষ্টা পাচছে। আমি বললাম, তোমার ব্যাপারটা প্রায় গল্পের মতন। বলো, বলো, শুনি।

কমলজ্যোতি বললো, আর একট্থানি আমার বলা উচিত।
আমার মা সম্পর্কে তোমরা কি মনে করছো, জানি না। মা
তিনবার বিয়ে করেছিলেন। একটা বিয়েও সুখের হয়নি। এ
ছাড়াও অহ্য কারুর কারুর সঙ্গে আমার মায়ের নাম জড়িয়ে
অনেক রকম কথা শোনা যেত। মা কি চাইতেন কিংবা কেন সুধী
হতেন না, আমি জানি না। কিন্তু মায়ের মনটা ছিল ভীষণ স্নেহে
ভরা। হস্টেলে থাকবার সময় আমার কখনো সামাহ্য একট্
অমুথ করলেও মা প্লেন ভাড়া করে চলে আসতেন আর ভীষণ
কারাকাটি করতেন। মা মারা যাবার পর আমি এই পৃথিবীতে
সম্পূর্ণ একা হয়ে যাই। আমার আত্মীয়স্বজন বলতে কেউ নেই!

প্রদীপ বললো, দার্জিলিং-এর স্কুল থেকে তৃই লওনে চলে গিয়েছিলি কত বছর বয়েসে ?

- —তথন আমার বয়েস আঠেরো। সিনিয়ার কে**ম্ব্রিজ পাশ** করেই।
- —-তাহলে তোর তো বিলেতেই থেকে যাওয়া উচিত ছিল।
 তুই এ দেশে ফিরে এলি কেন ? এ দেশের সঙ্গে তো তোর কোনে!
 যোগই নেই।

- —তা ঠিক।
- —বিলেত ছেড়ে এই পচা দেশে কেউ আসে ? তোর ওখানে ভালো চাকরি-বাকরি ছিল—
- - —সে আছে একজন!

1 0 1

ক্মললজ্যোতির ফ্ল্যাটে প্রত্যেকদিন সংশ্বেলাই আড্ডা জমে। দে টাকা প্রসা খরচ করছে তু' হাতে। তাছাড়া, ওর খুব গান বাজনার ঝোঁক। গান বাজনার নামে খুব চাঁচামেচি হয়, সেই সঙ্গে মদের ফোয়ারা বইতে থাকে। ওর বাব্র্চি মাংসও রাধে খুব ভালো।

কমলজ্যোতির গান বাজনার প্রতি আকর্ষণটাও একট্ অধাভাবিক। ছেলেবেলা থেকেই বাঙালী সংস্কৃতির সঙ্গে ওর যোগ নেই। বাংলা সাহিত্যের কোনো খবরই রাখে না। প্রথম দিন আলাপ হবার পর, কমলজ্যোতি লেখক হিসেবে আমার নাম কখনো শোনেনি বলায় আমি মনে মনে একট্ ক্লুর হয়েছিলাম। পরে জেনেছিলাম, কমলজ্যোতি শরংচন্দ্র কিংবা রবীন্দ্রনাথের একটি বইও পড়েনি। ও শুধু জানে, রবীন্দ্রনাথ নোবেল প্রাইজ্ব

বাংলা ভাষাটা ও বলতেও প্রায় ভূলে গিয়েছিল। সেটা অবশ্য খুব অরদিনেই ঝালিয়ে নিয়েছে। এখন নির্ভূল বাংলা বলে। মাতৃভাষাটা বোধহয় মনের কোনো একটা স্তরে থেকেই যায়, মানুষ কখনো পুরোপুরি ভূলতে পারে না। সত্যি যদি কেউ ইচ্ছে করে ভূলে যাবার চেষ্টা করে, সেটা একটা আলাদা ব্যাপার। সে রক্ম লোকও আমি দেখেছি।

স্তরাং বাংলা গানের সম্পর্কেও কমলজ্যোতির কোনো আগ্রহ থাকার কথা নয়। ওর নিজের গানের গলা নেই। তবে, ওর মা নাচতেন এবং গান করতেন—অনেককাল আগেকার কিছু বাংলা ও হিন্দী ছবিতে নেমেছিলেন—সে সব ফিল্মের কেউ নামও জানে না আজকাল।

তব্, কমলজ্যোতির রবীন্দ্র সঙ্গীতের প্রতি একটু অন্ত্ত ভালোবাসা আমি লক্ষ্য করেছি। অথগু গীতবিতান নিয়েও গান মুখস্ত করে। ওর বন্ধুরা কিছু কিছু খ্যাত অখ্যাত রবীন্দ্র সঙ্গীত গায়ক গায়িকাকে নিয়ে যায়, কমলজ্যোতি বিভোর হয়ে শোনে। কখনো কখনো নিজের গলা মেলায়। ওর গলার সূর কম এবং রবীন্দ্র সঙ্গীতের বিশিষ্ট ধরণটা ওর একেবারেই আসে না।

মানুষের চরিত্রে একটা না একটা রহস্তময় দিক থাকেই। কমলজ্যোতির এই রবীন্দ্রসঙ্গীত প্রীতিটাই রহস্ত।

আমি একদিন নিরালায় ওর কাঁধে হাত দিয়ে বলেছিলাম, তুমি কেন এই রকম পাগলামি করছো? রবীক্ত সঙ্গীত তোমার জন্ম নয়।

কমলজ্যোতি চটে গিয়ে বললো, কেন, আমার জন্ম নয় কেন ? রবীজ্ঞানাথকে তো তোমরা বলো বিশ্বকর্ষি—

- -- গান জিনিসটা সকলের জন্ম না ভাই!
- —চেষ্টা করলেও আমি পারবো না ? চেষ্টা করলে সব কিছুই পারা যায়।
- —তোমাকে তাহলে একেবারে প্রথম থেকে শুরু করতে হবে। অনেক দিনের ব্যাপার।
- —যতদিনই লাগুক। আমি ছাড়বো না। গান যদি শিখতে নাও পারি, অন্তত সমঝদার হতে পারবো তো।
- —রবীপ্র সঙ্গীতের সমঝদার হতে হলে তোমাকে শুধু গান শুনলেই চলবে না। তোমাকে রবীক্রনাথের লেখাও পড়তে হবে ভালোভাবে।

এবার কমলজ্যোতি একটু করুণ ভাবে বললো, ভাই, বাংলা বই পড়তে আমার বড় সময় লাগে। এক একটা বই নিয়ে চেষ্টা করে দেখেছি, কয়েক পাতা পড়ার পরই সব গুলিয়ে যায়।

—কিন্তু গান শেখার চেয়ে বই পড়তে শেখা অনেক সহজ।

পরের দিন গিয়েই দেখলাম কমলজ্যোতি সমগ্র রবীন্দ্র রচনাবলী কিনে ফেলেছে। বিশ্বভারতী সংস্করণ, দারুণ দামী। একখানা বইই যে এখন পড়ে শেষ করতে পারে না, তার যে একসঙ্গে অত বই কেনার দরকার ছিল না, এ কথা কে বোঝাবে ওকে? ওর টাকা আছে, খরচ করবেই ঠিক করেছে।

ত্'দিনেই অবশ্য গ্রন্থাবলীর সংখ্যা অর্থেক হয়ে গেল। বন্ধ্ বান্ধবের অনেকেরই মনে পড়ে গেল কোন্কোন্থণ্ডটা যেন তাদের পড়া বাকি আছে। স্তরাং তারা ত্'একদিনের জন্ম ধার নিয়ে গেল। আমি জানি, ঐ বইগুলো আর ফিরবে না কোনদিনই। এই রকমই নিয়ম।

আমি এ ব্যাপারে কোনো মন্তব্য করিনি। শুভবতর বোন মল্লিকা শুধু বললো, এ কি, আপনি এত দামী বইগুলো এমনি এমনি দিয়ে দিলেন।

মল্লিকা প্রায় প্রত্যেক সন্ধ্যেবেলাতেই আসে। সে আজকাল কমলজ্যোতিকে গান শেখাচছে। তা ছাড়া, মল্লিকার ইচ্ছে সবাই মিলে একটা থিয়েটার করা। এই ফ্ল্যাটেই চমংকার রিহার্সাল দেওয়া যাবে। কমলজ্যোতির ফ্ল্যাটটা মধ্য কলকাতায়, অধিবাসীরা নানা প্রদেশের—স্বতরাং যতই চ্যাচামেচি হোক, কেউ মাথা ঘামায় না। এখনো নাটক ঠিক হয় নি, শুধু বাছাবাছি চলছে।

মল্লিকাব কথা শুনে কমলজ্যোতি বললো, তাতে কি হয়েছে 🔋

- ना, ना, कारक रकान वहेंगे पिट्छन, नाम निर्ध ब्राथन।
- —তার কি দরকার আছে **?**
- —নিশ্চয়ই দরকার আছে।

মিল্লকা নিজেই সে ভার নিয়ে নিল। কমলজ্যোতি আপত্তি করলোনা।

মামি একটা ব্যাপার লক্ষ্য করেছি, কমলজ্যোতির ব্যবহার বা কথাবার্তা কথনো একটু রুক্ষ হলেও, মেয়েদের সঙ্গে ব্যবহার সব সময়েই সন্ত্রমপূর্ব। মেয়েদের আড়ালেও সে তাদের সম্পর্কে একটাও খারাপ কথা বলে না।

ক্মলজ্যোতির চেহারা স্থলর, পোশাক ঝলমলে, হাতে প্রচুর টাকা, গায়ে বিলিতি পালিশ এবং অবিবাহিত—স্তরাং তার সম্পর্কে মেয়েদের আগ্রহ থাকবেই। পাঁচ ছ' জ্বন মেয়ে এখানে প্রায় নিয়মিত আসে। অবশ্য মল্লিকা আর কোন মেয়েকে কমলজ্যোতির বেশী কাছে ঘেঁসতে দেয় না। মল্লিকার ভাব ভঙ্গি এর মধ্যে অনেকটা কমলজ্যোতির অভিভাবকের মতন।

একদিন রাত দশটার সময় আমি আর প্রাদীপ কমলজ্যোতির ফ্ল্যাটে গিয়ে দেখলাম, মল্লিকা তখনও সেখানে রয়েছে। আর কেউ নেই।

ফ্ল্যাটের দরজা খোলাই ছিল। ভেতরে বসবার ঘরে একটা সোফায় কমলজ্যোতি অপরাধীর মতন মুখ করে বসে আছে, একট্ দূরে অহ্য সোফায় বসে মল্লিকা কি যেন বলছিল, আমাদের দেখে থেমে গেল।

কমলজ্যোতির ফ্ল্যাটে এত হৈ হল্লা হলেও মেয়েদের নিম্নে কোন রকম বেলেল্লাপনা দেখিনি। সেদিকে কমলজ্যোতির ঝোঁক নেই মনে হয়। বিলেতে সে এক ধরণের সংস্কৃতিহীন জীবন কাটাতো। এখানে সে কোন একটা সংস্কৃতি খুঁজতে এসেছে। তার মতন একজন যুবকের পক্ষে শুধুই সংস্কৃতি খোঁজা বেশ অস্বাভাবিক হলেও সেটাই সে চালিয়ে যাছে। এর সঙ্গে এত রাজে একলা এখানে মল্লিকা বসে থাকায় দৃশ্যটা ঠিক যেন মেলেনা।

খরের চার পাঁচটা অ্যাশট্রে সিগারেটের টুকরোয় ভর্তি। কিছু পড়ে আছে বাইরে। অনেকগুলো খালি গেলাস এখানে সেখানে ছড়ানো। হুটো বোতলের মধ্যে পোড়া দেশলাইরের কাঠি আর ধোঁয়া।

এই অবস্থায় এসে পড়ে, আমি একটু অপ্রস্তুত বোধ করলাম। ওরা নিশ্চয়ই কোনো ব্যক্তিগত কথা বলছিল। প্রদীপই আমাকে জোর করে টেনে এনেছে।

কমলজ্যেতিকে দেখে অবশ্য মনে হলো, আমরা আসাতে সে খুশীই হয়েছে। উঠে দাঁড়িয়ে সে বললো, এসো, এসো।

মল্লিকার মূখে খানিকটা রাগের ভাব ফুটে উঠলো। সে আমাদের দিকে তাকালোই না।

প্রদীপ জিজ্ঞেদ করলো, মল্লিকা, তুমি এখনো যাও নি ? তোমাকে তো দেই অনেক দূরে যেতে হবে।

মল্লিকা বললো, ওর সঙ্গে আমার একটা দরকার আছে।

মল্লিকার মুখ দেখেই আমি ব্বতে পারলাম, মল্লিকা নিশ্চয়ই সাধারণ কোনো দরকারের কথা বলছে না। নাটক ফাটকের ব্যাপার নয়। যে সমস্ত ব্যাপারকে মেয়েরা জীবন মরণের প্রশামনে করে, বোধ হয় সে রকম কিছু।

কোনো অবিবাহিত পুরুষের ঘরে একা কোনো মেয়েকে রাত দশটায় বসে থাকতে দেখা আমাদের ঠিক পছন্দ হয় না। বিশেষত মেয়েটি যখন চেনা, আমাদেরই কোন বন্ধুর বোন। আমাদের মনের ভেতরকার নীতি-বাগীশ হঠাৎ এই সময় উঁকি মারে।

কিংবা, এটা ঈর্ষাও হতে পারে। আমি যদি এই অবস্থায় ধাকতুম, এবং মল্লিকার মতন মোটামুটি স্থলরী এবং রুচিশীলা একটি মেয়ে আমার সঙ্গে এই সময়ে দেখা করতে আসতো, আমি নিশ্চয়ই খুশী হতাম। অত্যের ব্যাপার দেখেই পছন্দ করতে পারছি না। এই প্রথম আমি অমুভর করলুম, কমলজ্যোতিকে আমি একটু একটু ঈর্ষা করি। সে আমার তুলনায় অনেক কিছুই বেশী বেশী পেতে পারে।

প্রদীপ বললো, মল্লিকা, তুমি এবার যাও।

প্রদীপ কথাটা এমন কঠোর ভাবে বললো যে, আমিও চমকে
ভিঠলাম। প্রদীপ যেন জ্যাঠামশাই।

মল্লিকা উদ্ধতভাবে বললো, ওর সঙ্গে আমার কথা এখনো শেষ হয়নি!

প্রদীপ একই সুরে বললো, আজ আর কথার দরকার নেই কাল আবার বলো। অনেক রাত হয়ে গেছে।

- —ভূমি আমার গার্জেন হলে কবে থেকে ?
- —মল্লিকা, রাত দশটা বেজে গেছে।
- —আমি জানি আমার হাতেই ঘড়ি আছে।

ক্মলক্ষ্যোতি অপ্রস্তুত বোধ করছে। সে-ই একটা উপায় বার করলো।

কমলজ্যোতি উঠে দাঁড়িয়ে বললো, আমি আজ সারাদিন বাড়ি থেকে বেরোইনি, চলো, একটু বাইরে থেকে ঘুরে আসি। ওকেও খানিকটা এগিয়ে দিয়ে আসা হবে।

মল্লিকা অনিচ্ছা সত্ত্বেও উঠে দাঁড়ালো। জ্বলম্ভ চোখে তাকালো প্রদীপের দিকে।

বাইরে বৃষ্টি-শেষের ঠাণ্ডা হাওয়া। আমরা হাঁটতে লাগলাম কিছুক্ষণ নিঃশব্দে। মল্লিকা একেবারে গুম হয়ে গেছে। আমি অস্বস্তি কাটাবার জন্ম কমলজ্যোতিকে জিজ্ঞেদ করলাম, তৃমি কি তাহলে কলকাতাতেই পরোপুরি থেকে যাবে ঠিক করলে।

कमलाख्यां जि वलाला, किছू है ठिक कदिनि।

- —কলকাতা ভালো লাগছে।
- —কলকাতায় কি ভালো লাগবার মতন কিছু আছে।

আমি উত্তর দেবার আগেই লগুন-প্রেমিক প্রদীপ বললো, বিলেতে অতদিন থাকবার পর-কলকাতা কারুরই ভালো লাগতে পারে না। যদি না বিশেষ কোন অ্যাট্রাকশান থাকে। আমি বললাম, কমলজ্যোতির তো আট্রাকশান আছেই! রবীস্ত্র সঙ্গীত।

প্রদীপ বৃদ্ধাে, লগুনে বসে বুঝি রবীন্দ্র সঙ্গীত শোনা যায় না ? রেকর্ড তো আনানােই যায়, তাছাড়া বাঙ্গালীদের অনেক রক্ম ফাংশান হয়—

আমি কমলজ্যোতিকে বললাম, ভাই, তুমি এখানে যতদিন খুশী থাকো, কিন্তু প্রদীপকে একটু ওদেশে পাঠাবার ব্যবস্থা করে দাও। ওর আর মন এখানে টিকছে না।

প্রদীপ বললো, আমিতো যাবোই।

মল্লিকার বাস এসে গেছে। সে কারুর কাছ থেকে বিদায় না নিয়ে সোজা এগিয়ে বাসে উঠে পড়লো। বাসে বেশী ভিড় নেই। আমরা দেখলাম, মল্লিকা জায়গা পেয়েছে জানলার ধারে। সেখান থেকে স্থির দৃষ্টিতে তাকিয়ে রইল কমলজ্যোতির দিকে। সে দৃষ্টির মধ্যে রাজ্যের তৃষ্ণা।

আমার মনে হলো মল্লিকা আজ বাড়ি ফিরে নিশ্চয়ই কাঁদবে। যে-কথা মেয়েরা অন্য একজনকে বলতে চেয়েও বলতে পারে না, সে কথা, নির্জনে শুয়ে শুয়ে চোখের জলে ভিজিয়ে নিজের বালিশকে বলে।

বাসটা ছেড়ে যাওয়ার পর প্রদীপ কমলজ্যোতিকে জিভ্ডেস করলো, কি ব্যাপার ?

কমলজ্যোতি হাসলো!

আমি বললাম, ব্যাপার তো বোঝাই যাচ্ছে, এর আর জিজ্ঞেস করার কি আছে গ

প্রদীপ বললো, তবু শুনি!

কমলজ্যোতি বললো, তোমরা এসে পড়ে খুব ভালো করেছো! আমি, মানে, ঠিক কি বলবো ব্যতে পারছিলাম না!

-कि **চा**य महिका ? (श्रम ना भारी दिक किছू ?

আমি প্রদীপকে বাধা দিয়ে বললাম, দেখ্মিল্লিকা সম্পর্কে এরকম কথা বলিস না। ও ঠিক সাধারণ কোনো মেয়ে নয়। ওর একটা আত্মসমান জ্ঞান আছে।

প্রদীপ আমাকে এক ধমক দিয়ে বললো, তুই চুপ কর। তুই মল্লিকা সম্পর্কে আমার চেয়ে বেশী জানিস ?

তথন আমার মনে পড়লো, মল্লিকার সঙ্গে প্রাদীপের খুব ছেলেবেলা থেকেই পরিচয়। এক সময় একটা কিছু হাদয় ঘটিভ ব্যাপার হয়েছিল। তারপর প্রদীপের উড়নচণ্ডী স্বভাবের জন্মই বোধহয় ওদের মধ্যে খানিকটা দূরত্ব এসে যায় আবার।

নিজের প্রাক্তন প্রেমিকাকে আর একজন বন্ধ্র সঙ্গে নিরালা ঘরে বেশী রাত্রে দেখতে পেলে কেমন লাগে, আমি তা জানি না। প্রদীপকে বেশ উত্তেজিত মনে হলো। কমলজ্যোতির উপরেও কি খ্ব রেগে গেছে প্রদীপ ় এই জন্মই ও মল্লিকাকে ওরকম আদেশ দিয়ে বলেছিল, বাডি যাও!

কমলজ্যোতি বললো, মল্লিকা আমার ফ্লাটে এসে থাকতে চায়। ওর বাড়িতে থাকতে ভালো লাগে না। ও চায় পুরোপুরি শিল্লী হতে—কিন্তু ওর বাড়িতে সেই পরিবেশ নেই।

প্রদীপ একটু ব্যক্ষের স্থারে বললো, তুই রাজি হলেই পারতি! আমরা কেউ কিছু মনে করতাম না!

আমিও প্রদীপকে একটু থোঁচা দেবার লোভ সামলাতে পারলাম না। বললাম, বিলেত টিলেতে তো এইরকম অনেকেই থাকে, তাই না ?

বলে ফেলেই আমার অনুতাপ হলো। বেশী কঠিন হয়ে গেছে।

প্রদীপ উদাসী হয়ে গিয়ে বললো, মল্লিকা এই রকম কিছু চায়, আমি জানতাম। সাধারণ সাংসারিক জীবন ওর পছন্দ নয়। কিন্তু ও কি বিয়ে না করেই তোর ফ্ল্যাটে থাকতে চেয়েছিল ?

- विराय कथा है। है थर्ठ नि।

একটু থেমে কমলজ্যোতি বললো, বছর ছ' এক আগে আমি নিজেই নানান মেয়ের পেছনে ঘুরে বেড়াতাম।

- —মেম সাহেব ।
- অনেক সময়। বিলেতে বাঙালী মেয়েরও অভাব নেই।
 আমি বেশ উচ্ছুঙাল ধরণের ছিলাম। কিন্তু কোনদিন কোন মেয়ে
 নিজে থেকে আমাকে এ রকম কিছু বলেনি। তাই আমি জানি
 না, তাদের মনে আঘাত না দিয়ে কি ভাবে এখানে কথা বলতে
 হয়।
 - —তুমি কি বলেছিলে ওকে ?
- আমি বলেছিলাম, মল্লিকা, তুমি এই ক্ল্যাটে থাকতে পারো কোনো অস্থবিধে নেই, আমি মহা একটা জায়গা খুঁজে নেৰো! মল্লিকা সে কথা শুনে খুশী হয়নি।
- খুশী না হবারই কথা। মল্লিকা তো শুধু একটা ঘর চায় নি! এ কথা শুনে ও কি বললো ?

আমি প্রদীপকে বাধা দিয়ে বললাম, ছাখ, এটা মল্লিকার অত্যস্ত ব্যক্তিগত ব্যাপার এটা নিয়ে আমাদের এ রকম ভাবে আলোচনা করাটা ঠিক ভব্ততা নয়।

প্রদীপ হিংস্র ভাবে আমাকে একটা ঠ্যালা দিয়ে বললো, তুই চুপ করতো! তুই বড় বেশী সেন্টিমেন্টাল।

কমলজ্যোতি আমাকে জিজেস করলো, আমি কি ভূল কিছু বলেছি ?

—না। খাটি জেউলম্যানের মতনই উত্তর দিয়েছো।

প্রদীপ বললো, জেণ্টলম্যানদের পছন্দ করে অন্য জেণ্টলম্যানর। কিন্তু মেয়েরা চায় প্রেমিক। আর সেই প্রেমিক একটা বর্বর হলেও ক্ষতি নেই—বিশেষত নির্জনে ঘরের মধ্যে—

আমি একটু হাসতেই প্রদীপ আমাকে ধমক দিয়ে থামালো।
কমলজ্যোতির দিকে ফিরে বললো, তুই এত বোকা কেন ?
তোর রাজি হওয়া উচিত ছিল। একটা মেয়ে যখন নিজে থেকেই

চাইছে, তখন তাকে নিয়ে ফুর্তি করার স্থযোগ নষ্ট করার কোনো

ক্মলজ্যোতি মান ভাবে বললো, এ রক্ম ভাবে কোনো মেয়েকে নিয়ে ফুর্তি করার মতন মন আমার আর নেই! বোধহয় ক্ষমতাও নেই। এক সময় ছিল। এখন আমি জানি, ভালোবাসা ছাড়া আর কোন কিছুরই মূল্য নেই!

প্রদীপ হো হো করে হেসে উঠে বললো, ভালোবাসা ? সে আবার কি । এ তো একটা বস্তা পচা কথা।

- —এক সময়ে আমিও তাই ভাবতাম।
- —মল্লিকাকে তোর পছন্দ হয় কি ? ওরকম ভালো স্বাস্থ্য।
- —পছন্দ অপছন্দের কথা নয়। কিন্তু নতুন কোনো মেয়েকে আমার পক্ষে আর ভালোবাসা বোধহয় সম্ভব নয়।
- মার গুলি ভালোবাসায়। একটা মেয়ে নিজে থেকে শুভে চাইলে তোর সঙ্গে।

রাত ঘন হয়ে এসেছে। রাস্তার গাড়ি-ঘোড়া কম। হাওয়া দিচ্ছে চমংকার। এই সময় রাস্তার মোড়ে দাঁড়িয়ে প্রদীপ আর কমলজ্যোতি ভালোবাসা নিয়ে থুব একটা তর্কে মেতে উঠলো। আমি সিগারেট ধরিয়ে হঠাৎ একট্ অহ্যমনস্ক হয়ে গেলাম। ভালোবাসার কথা উঠলে সকলেরই নিজের জীবনের কোনো ঘটনা মনে পড়ে যায়।

1 6 1

মাস তিনেকের মধ্যেই কমলজ্যোতির সব রহস্ত পরিকার হয়ে গেল আমাদের কাছে। পুরুষ মান্তুষের রহস্ত আর কতদিন থাকবে!

কমলজ্যোতির ফ্ল্যাটে সেই রক্ম হৈ হল্পা আর নেই। অনেকেই আর যায় না। কমলজ্যোতির পয়সাকড়ি ফুরিয়ে এসেছে, বিলেতেও আর ফিরে যাবে না। কমলজ্যোতির জন্ম এখন মায়া হয়। ছেলেটা নিজের বাবাকে চোখে দেখেনি, মাকেও বেশী কাছে পায়নি—সারা জীবন স্নেহ-বঞ্চিত। ওর পক্ষে উচিত ছিল জীবনটাকে উড়িয়ে পুড়িয়ে নষ্ট করা। কিংবা কোন নারীর নিবীড় ভালোবাসা পেলে হয়তো বেঁচে যেত।

বিলেতে থাকার সময় ও অনেক নারীসঙ্গ পেয়েছিল, কিন্তু ভালোবাসা পায় নি। কিংবা ভালোবাসা খোঁজেও নি: হঠাৎ ওর সব কিছু ওলোট পালোট হয়ে গেল মায়া রায়কে দেখে।

মায়া রায় বিলেতে ছিল মাত্র দেড় বছর। গিয়েছিল লাইব্রেরিয়ানশীপের একটা ট্রেনিং নিতে। কমলজ্যোতি সব ামলিয়ে ওকে দেখেছে মাত্র সাত আটবার।

কমলজ্যোতি একদিন ওর পকেট থেকে মায়া রায়ের ছবি বার করে আমাকে দেখিয়ে বললো, তুমি এর চেয়ে বেশী হুন্দরী আর কোন মেয়েকে দেখেছ ?

মায়া রায়ের ছবিটা 'বেতার জগং' পত্রিকা থেকে কেটে নেওয়া।
-মায়া রায়ের চেহেরার একটা আকর্ষণ থাকলেও আর যাই হোক,
তাকে স্থলবী-শ্রেষ্ঠা বলা যায় না।

আমি ঠাট্টা করে বললাম, মেম সাহেবদের থেকেও বেশী স্থলরী ?
কমলজ্যোতির ঠাট্টা ইয়ারকির দিকে মন নেই। গম্ভীরভাবে
বললো, মেমসাহেবরা আবার স্থলর হয় নাকি ? তুমি কি বলছো
কি ?

---মায়া রুয়ের ক্পাল্টা ছোট।

-- চুপ !

কমলজ্যোতি বাক্সটি থুলে আর একটা ছবি বার করলো। অনেক পুরানো ছবি। থুব সাজগোজ করা একজন মধ্য বয়েসী মহিলা। আগের দিনের ফ্যাসন অমুযায়ী পাতা কেটে চুল আঁচড়ানো, কপালে টিপ, কানে ছটি বড় সাইজের কানবালা।

কমলজ্যোতি বললো, আর এই ছবিটা ভাখো। খুব মিল আছে না হ'জনের মধ্যে। আমার বৃদ্ধি খুব একটা তীক্ষ না হলেও বৃঝতে অসুবিধা হলে।
না যে দিতীয় ছবিটি কমলজ্যোতির মায়ের। মাতৃস্লেহ-বঞ্চিত
এই যুবক অহ্য একটি নারীর মধ্যে তার মায়ের রূপ খুঁজে পেয়েছে।

কমলজ্যোতি বললো, মায়া রায়কে যেদিন আমি প্রথম দেখি, দারুণ চমকে উঠলাম। ঠোঁটের চাপা হাসিটা দেখেই মনে হয়েছিল, এ তো আমার দারুণ চেনা। কোথায় যেন দেখেছি। তখন মনে পড়লো আমার মায়ের কথা।

- —মায়া রায়কে এ কথা বলেছিলে ?
- —যা: তা কখনো বলা যায় গু
- —মায়া রায়ের সঙ্গে তোমার আলাপ হয়েছিল ?
- থুব বেশী নয়। উনি লোকজনের সঙ্গে খুব বেশী মিশতে পারেন না।
 - —তবু শুধু ওর জগ্য তৃমি সব কিছু ছেড়ে-ছুড়ে এদেশে চলে এলে?
- —শুধু ওর জক্ম ঠিক নয়। মায়া রায় আমার মনের মধ্যে নিজের দেশের কথা জাগিয়ে দিলেন। তা ছাড়া, উনি আমাকে অপমান করেছিলেন কিনা।
- —মায়া রায় সম্পর্কে আমি যেটুকু শুনেছি, কারুকে অপমান করার মতন মেয়ে তে। নয় !
- —দোষটা আমার ছিল। লগুনে আমার এক বন্ধুর বাড়িতে একটা পার্টি হচ্ছিল। মায়া রায় গান গাইছিলেন। আমি তখন রবীক্র সঙ্গাতের কিছুই জানি না। বাংলা গানই শুনি না। তাছাড়া সেদিন আমি একটু বেশী জীক্ষ করেছিলাম। মায়া রায় গাইছিলেন 'হাদয় নন্দন বনে'—আমি তার মধ্যে জোরে জোরে কথা বলছিলাম একজনের সঙ্গে। তার মধ্যে ছ' একটা এমন শব্দ, শ্ল্যাং যাকে বলে, তাও ছিল বোধহয়। বুঝলে না, ঘোরের মাথায়—তখন ওর গানটাও মনে হচ্ছিল প্যানপ্যানানি। মায়া রায় হঠাৎ গান বন্ধ করে উঠে দাঁড়ালেন। গীত-বিতান হাতে নিয়ে বেরিয়ে গেলেন ঘর

পেকে। অনেকে অনেক অমুরোধ করলো, কিছুতেই আর গান গাইলেন না। ততক্ষণে আমারও খেয়াল হয়েছে। আমি এরকম অভদ্র নই। তবু সেদিন কি রকম গগুগোল করে ফেলেছিলাম। ঘরের অন্য সব লোক চুপ করে আছে। অনেকেই ভংসনার চোখে তাকালো আমার দিকে। উনি যখন চলে যাছেন, আমি ওর সামনে দাঁড়িয়ে বললাম, মিস রায়, প্লিজ্ব এক্সকিউজ মী—। মায়া রায় আমার দিকে ঠাণ্ডা চোখ মেলে তাকালেন। আমি অনেক অমুরোধ করলাম। উনি শুধু বললেন আমার মেজাজ নই হয়ে গেছে। আমার বুকের মধ্যে ধক্ করে উঠলো। হঠাং আমার মনে হলো, ঠিক যেন আমার মা আমাকে বকছেন। সারারাত ঘুমোতে পারি নি।

- —সেই কি শেষ দেখা ?
- —ন। তারপরও আমি অনেক দূর গিয়েছিলাম। মায়া রায়কে বিয়ে পর্যন্ত করতে চেয়েছিলাম। উনি আর আমার সঙ্গে কথা বলতেই রাজি হননি। আমার সবটাই ভুল হয়ে গেছে!

আমি একটুক্ষণ চুপ করে থেকে বললাম, কমলজ্যোতি, তুমি জানো নিশ্চয়ই, রেডিওতে বা রেকর্ডে মায়া রায়ের নাম এখনো না বদলালেও উনি কিন্তু আসলে এখন মায়া সেনগুপ্তা।

- --জানি।
- —কলকাতায় এসে ওঁকে আর দেখেছো <u>।</u>
- —প্রত্যেকটি গানের জলসায় গেছি। কিন্তু আমি বোধহয় জীবনে ওঁর ক্ষমা পাবো না।

আমি নিজেই আর একদিন কমলজ্যোতির ক্ল্যাটে গেলাম। রাত তখন প্রায় সাড়ে আটটা। দরজ্ঞায় ধারু। দিতেই ভেতর থেকে ও বললো, খোলা আছে, ঠেলুন!

দরজা খুলে দেখি ঘুরঘুট্ট অন্ধকারের মধ্যে প্রদীপ আর কমলজ্যোতি বসে আছে।

--এ কি, আলো জালো নি কেন ?

প্রদীপ বললো, দরজাটা ভেজিয়ে দিয়ে এসে এখানে বোস।
অন্ধকারে তোর অসুবিধে হচ্ছে ? দাঁড়া, মোমবাতিটা জালাচ্ছি।
শালা, মোমবাতিটা বারবার নিভে যাচ্ছে হাওয়ায়—

—কেন, ইলেকট্রিক আলো জলছে না? ফিউজ তো হয়নি, বাইরে আলো জলছে দেখলাম!

প্রদীপ খস্ করে দেশালাই জ্বেলে মোমবাতি ধরালো। হাওয়ায় সেটা কাঁপছে। কমলজ্যোতি বললো, আলো আর জ্লবেনা। বাড়িওয়ালা লাইন কেটে দিয়ে গেছে।

—এখনো ভাড়া দাওনি ! তোমার বাবার সেই সাকসেশান সাটিফিকেট হয় নি এখনও !

কমলজ্যোতি একটু ঘোর লাগা গলায় হা হা করে হাসলো। তারপর বললো, তোমাকে সেদিন তোমার বান্ধবীর সামনে মিথ্যে কথা বলেছিলাম। আমলে আমার বাবার ব্যাক্ষে কোনোই টাকা ছিল না। মাই ফাদার ভায়েড আ প্রপার!

প্রদীপ বললো, সুনীলটা যা শোনে সবই বিশ্বাস করে। বেশ গালিবল টাইপ! নে খা—

বোতল থেকে গেলাসে ঢেলে প্রদীপ আমার দিকে গেলাসটা বাড়িয়ে দিল। এক চুমুক দিয়েই আমি জিজ্জেস করলাম, এ কি রে! এটা কি খাচ্ছিস!

- —কেন, খারাপ লাগছে ?
- —জিনিসটা কি বলতো ? কি রকম যেন একটা স্বাদ
- —বাংলা। কেন তোর চলবে না ? কবে থেকে বুর্জোয়া ইলি ?
- —সে কথা হচ্ছে না। প্রদীপ, তুই কমলজ্যোতিকেও বাংলা ধরিয়ে দিলি ? বেচারা এত সাহেব ছিল আগে তার থেকে কোথায় পতন হলো!
- —আমি মোটেই ধরাইনি। কমলজ্যোতির সব টাকা-কড়ি ফুরিয়ে গেছে। আমি এসে দেখি মুখ চুন করে বসে আছে। তাই আমি ভাবলাম, ও আমাদের এত খাইয়েছে, আজ আমাদেরই খাওয়ানো উচিত। আমার ভাই বিলাইতি খাওয়াবার পয়সানেই, তাই ছু'বোতল বাংলা নিয়ে এলাম।

কমলজ্যোতি উৎসাহের সঙ্গে বললো, কোন চিন্তা নেই,
শিগগিরই টাকা পেয়ে যাচ্ছি। আমার বাড়িওয়ালা আমাকে
অফার দিয়েছে, আমাকে বাকি ভাড়া দিতে হবে না—আমি যদি
এখন উঠে যাই, তাহলে আমাকেই ও তিন হাজার টাকা দেবে।
ভাবছি সেটাই নিয়ে নেবো।

- —ভারপর সে টাকায় কতদিন চলবে ? অন্য কোথাও গিয়ে থাকতে হলে তো টাকা দিতে হবে।
 - —যতদিন চলে চলুক না!
- —কমলজ্যোতি, শুধু শুধু এভাবে দিনগুলো নষ্ট করছো কেন ? বিলেতে তোমার একটা বাড়ি আছে শুনেছি। সেখান থেকে ভাড়ার টাকা পাচ্ছো না ? কিংবা বিলেতেই আবার ফিরে যাচ্ছো না কেন ?

কমলজ্যোতি অবাক হয়ে বললো, বিলেতে আমার বাড়ি আছে ! কে বললো ! এই ডাহা মিখ্যেটা তো ভাই আমি বলিনি ! আমি প্রদীপের দিকে তাকালাম । প্রদীপ মিটমিটিয়ে হেসে বললো, এটা মোটেই ডাহা মিথ্যে নয়। কমলজ্যোভি বিলেডে বড় চাকরি করতো। আট দশ বছর চাকরিতে লেগে থাকলে ও একটা বাড়ি কেনার টাকা জমিয়ে ফেলতে পারতো না ? অস্তত ইনস্টলমেন্টেও কিনতে পারতো। কি রে পারতি না ?

কমলজ্যোতি বললো, তা হয়তো পারতাম।

প্রদীপ বললো, তা হলেই ছাখ, আমি ঠিক মিখ্যে বলিনি।
একটু অ্যাডভান্স বলে ফেলেছে।

আমি বললাম, কমলজ্যোতি, তুমি বিলেতে ফিরে গেলে আবার চাকরি জোগাড় করতে পারবে না ? তোমার তো পাশপোর্ট আছেই।

- —তাও হয়তো পারি। কিন্তু আমার ফিরে যাবার ভাড়াই নেই।
- —সেটা একটা সমস্থা নয়। ভাড়ার টাকা কোনো রকমে জোগাড় হয়ে যেতে পারে ঠিকই।
 - —কিন্তু ফিরে যাওয়া মানেই তো হেরে যাওয়া।
 - —কিসের হেরে যাওয়া ? কার সঙ্গে লড়াই <u>?</u>
 - —সে আছে একটা ব্যাপার।
- —তাহলে এখানেই একটা চাকরির চেষ্টা-টেষ্টা করো।
 চাকরির বাজার অবশ্য খুব টাইট এখন—কিন্তু তোমার বিলিতি
 ডিগ্রি—তুমি একটু চেষ্টা করলে পেয়ে যাবে। বিলিতি ডিগ্রি
 সম্পর্কে এদেশে এখনো অনেকের মোহ আছে।

কমলজ্যোতি উদাসীনভাবে বললো, কী হবে চাকরি-বাকরি খুঁজে। এই তো বেশ আছি!

প্রদীপ বললো, হাা, এই বেশ আছিস। স্থনীলটার খালি বোঁক সাকসেসের দিকে।

আমি প্রদীপকে ধমক দিয়ে বললাম, বাজে বকিস না। যা বুঝিস না, সে সম্পর্কে কথা বলতে আসিস কেন ?

কমলজ্যোতির দিকে ফিরে বললাম, তুমি এতকাল বিলেতে থেকেও একরম বিচ্ছিরি সেটিমেন্টাল হলে কি করে ! একটা সামান্য মেয়ের জন্য জীবনটাকে এরকম্নষ্ট করার কোনো মানে হয় না!

প্রদীপ বললো, মেয়ে ? এর মধ্যে আবার মেয়ের ব্যাপার আছে নাকি ? ও হাঁা, তা তো থাকবেই—ওরাই তো যত নষ্টের গোড়া! কোন মেয়ে ? কি করেছে সে ?

কমলজ্যোতি বললো, তুমি তাকে দেখলে ব্ঝতে, সে মোটেই সামান্য মেয়ে নয়। তার জন্য যে কোনো লোক জীবন নষ্ট করতে পারে।

— আমি তাকে দেখেছি। আমার সঙ্গে আলাপ আছে। আমি অন্তত তার জন্য জীবন নষ্ট করতাম না।

কমলজ্যোতি অবাক হয়ে বললো, তুমি তাকে চেনো ?

—নিশ্চয়ই! তোমাকে সেদিন বললাম না ও মাধুরীর বান্ধবী। মেয়েটি এমনিতে ভালো, গান করেও চমংকার, কিন্তু তার জন্য সারাটা জীবন হা-ছতাশ করার কোনো মানে হয় না। তারচেয়ে তুমি যদি মল্লিকার সঙ্গে—

কমলজ্যোতি একটা বড় নিশাস ফেলে বললো, থাক্, ও কথা বলোনা!

প্রদীপ বললো, তোরা বড় বড় বড় কথা বলছিস। জীবন নষ্ট করা-টরা আবার কি? একটা লোক চাকরি-বাকরি না করে কাটিয়ে দিলেই কি জীবন নষ্ট করা হয়! যার যে রকমভাবে ভালো লাগে। কোন মেয়ের কথা বলছিস বে স্নীল? আমি তাকে চিনি? না চিনলেও নাম বল্, আমি তাকে হিড়হিড় করে ধরে নিয়ে আসি এখানে।

- —ধরে নিয়ে এসে কি করবি ?
- —কমলজ্যোতির যাতে জীবনটা নষ্ট না হয়—এবং মেয়েটারও যাতে জীবন নষ্ট না হয়—সেই ব্যবস্থা করবো।
- তুই যে-কোনো মেয়েকে এরকম জোর করে ধরে আনতে পারিস ?

- —আলবাৎ পারি। আমার বন্ধুর জন্য আমি সব কিছু করতে পারি।
- —মেরেটি বিবাহিতা। গায়িকা হিসেবে স্নাম আছে। নিজের জীবন নিয়ে সে স্থী। তাকে তৃই জ্বোর করে ধরে আনতে চাস ?

প্রদীপ ওর গেলাসটা টক্ করে মেঝেতে নামিয়ে রেখে বললো, বিবাহিতা ? যা: শালা! তার জন্ম কমলজ্যোতি জীবন নষ্ট করবে কেন ? পৃথিবীতে আর কোনো মেয়ে নেই ?

কমলজ্যোতি বললো, এই মেয়েটি আমার মনের মধ্যে একটা সাজ্বাতিক আঘাত দিয়ে গেছে। আমি ভূলতে পারি না। আমি ওকে ভালোবেসে ছিলাম, কিন্তু ও আমাকে ঘুণা করেছে।

প্রদীপ বললো, ভূই-ই বা যাকে তাকে হঠাৎ ভালোবাদতে গোলি কেন ?

- —যাকে তাকে নয়। আমি জীবনে ঐ একটি মাত্র মেয়েকেই ভালেবেসেছি।
- —বিলেতে কোন মেম্-টেম্-এর সঙ্গে তোর পরিচয় ছিল না বলতে চাস ং
- -- মনেকের সঙ্গে পরিচয় ছিল। ঘনিষ্ঠতাও ছিল। কিন্তু
 মায়া নামে ঐ একটি সাধারণ বাঙালী মেয়ে ছাড়া আমি আর
 কাউকে ভালোবাসি নি।
- —বিলেতে গিয়েও সেই বাঙালী মেয়ের ঝঞ্চাট। প্যাচপেচে প্রেম ? আশ্চর্য ব্যাপার মাইরি।

এক চুমুকে গেলাসের সবটুকু শেষ করে কমলজ্যোতি বললো, সভিয় আশ্চর্য! বিলেভের বাঙালীদের সঙ্গে আমি ভেমন মিশতাম না। টম ডিক হারির দলই ছিল আমার বন্ধু-বান্ধব। একটা বিদায় সন্মিলনীতে সেই যে মেয়েটিকে প্রথম দিন দেখলাম, সেই দিনটার কথা আমি কর্থনো ভূলবো না! একটা সাধারণ লাল পাত্তর শাড়ি পরে বসেছিল, কপালে একটা লাল রঙের টিপ। আত সাদাসিথে পোশাকে বিলেতে কোনো বাঙালী মেয়েকে আমি আগে দেখিনি। সেই মেয়েটি আমাকে গ্রাহাই করলো না একেবারে। আমি কথা বলতে গেলাম, পাতাই দিল না।

কমলজ্যোতি এই সব কথা আমাকে আগেও কয়েকবার বলেছে। কিন্তু বারবার বলেও যেন ওর আশ মেটে না! বিলেতে মায়ার সঙ্গে দেখা হওয়ার প্রথম দিনটায় সত্যিই ও বড় রকমের ধাকা খেয়েছিল। ব্যাপারটা অস্বাভাবিক কিন্তু কমলজ্যোতির বিবর্ণ মুখ দেখলে মনে হয়, পৃথিবীতে এখনও এরকম ঘটে।

প্রদীপ হা হা করে হাসতে লাগলো। বেশ জ্বোরে জোরে, একটানা। নেশার ঝোঁকের হাসি। যেন এই সব প্রণয়-ভালোবাসা নিছক বিজ্ঞপেরই ব্যাপার।

— আমার দোষের মধ্যে এই ছিল, আমি ভালো বাংলা বলতে পারতাম না। সেটা কি আমার সত্যিকারের দোষ ? আমি বাংলা শিখবো কি করে ? বাংলা গান, বাংলাদেশের কালচার— এসব তো আমি ভালোবাসতে শিখি নি!

প্রদীপ বললো, তা হলে হঠাৎ একটা বাঙালী মেয়েকে ভালোবাসতে শিখলি কোথায় চাঁদ ? বাঙালী মেয়েকে ভালোবাসার জন্ম কে তোমাকে মাথার দিব্যি দিয়েছিল ? বেশতো একটা বেড়ালচোখো মেমকে বিয়ে করে লগুনে ঘর-সংসার করে সুখে থাকতে পারতি।

—সেইটাই স্বাভাবিক ছিল। কিন্তু মান্নুষের জীবনে সব কিছুর তোঁ হিসেব মেলে না! ঐ একটা সাধারণ বাঙালী মেয়ে এসে সকলওভও করে দিল। আমার সব চেয়ে হঃখ কি জানিস, আমাকে তৈরী হবার সুযোগ দিল না। আমি ওর যোগ্য হতে পারতাম কিনা সেটা দেখার জন্তও অপেকা করলো না। হুম করে একটা ভালোছেলে মার্কা চার্টার্ড আকাউন্ট্যান্টকে বিয়ে করে ফেললো। আমি ওকে দেখিয়ে দিতে চাই, আমি ওর যোগ্য হতে পারিকি না!

- —এখন আর দেখিয়ে দিয়ে কি করবি ? এখন ওর বিয়ে হয়ে গেছে, মুখে শান্তিতে আছে।
- —ডাম্ ইট। আমাকে অশান্তি দিয়ে ও সারা জীবন শান্তি পেতে পারে ? ডিভোর্স করেও আমার কাছে ফিরে আসতে বাধ্য।

আমি কমলজ্যোতির কাঁধে হাত রেখে নম্রভাবে বললাম, কমলজ্যোতি, এসব কি ছেলেমামুষী হচ্ছে! মায়া সেনগুপু। ভিভোর্স করে তোমার কাছে চলে আসবে, এসব কি পাগলামি চিস্তা তোমার গ

কমলজ্যোতি বললো, যদি না আসে, আমি সব কিছু ভেঙে তছনছ করে দেবো। আমি আর কিছু চাই না!

কমলজ্যোতি ওর হাতের কাঁচের গেলাসটা ছুঁড়ে দিল মাটিতে। ঝনঝন করে কাঁচ ভাঙার শব্দ হলো।

প্রদীপ বললো, এ রকম পাগলামি করলে কোন লাভ হবে না।
তুই যদি শোধ নিতে চাস্, তাহলে সত্যিই একটা চাকরি জোগাড়
করে ফ্যাল। বেশ মোটা মাইনের চাকরি, রোজ গাড়ি হাঁকিয়ে
যাবি ওদের বাড়ির সামনে দিয়ে—মায়া সেনগুপ্তা যে-সব ফাংশানে
গাইবে—তুই সেখানে গিয়ে ফার্স্ট রো-তে বসবি—

—না, আমি ওর উপর কোনো শোধ নিতে চাই না। আমি দেখিয়ে দিতে চাই, আমি ওর যোগ্য হতে পারতাম। এক বছরে আমি বাংলা শিখেছি, রবীক্রনাথের অর্থেক গান আমার মুখস্ত—

1 6 1

মাধুরীর উভোগে শেষ পর্যস্ত মায়া সেনগুপ্তার সঙ্গে কমলজ্যোতির মূখেমুখি দেখা হয়ে গেল। পরে অবশ্য বুঝেছিলাম, দেখা না হলেই ভালো হতো।

কমলজ্যোতি দিন দিন অধংশতনের দিকে যাচ্ছিল। হয়তো একে অধংশতন বলা যায় না! এটা এক ধরনের ব্যর্থ সাধনা। মায়া সেনগুপ্তাকে ও আর পাবে না জেনেও তার জন্য নিজেকে যোগ্য করে তোলা। টাকা পয়সা সব গেছে, এখন এমন দিনও যায় যে কমলজ্যোতির ভালো করে খাবারই জোটে না। তবু জেদ ছাড়বে না। দেখা হলে সর্বক্ষণ শুধু মায়ার কথা। অন্য কোনো মেয়ের দিকে বিন্দুমাত্র আগ্রহ নেই। মল্লিকাও আর আসে না।

মাধুরীর জন্মদিনে মায়া সেনগুপ্তাকে গান গাইতে বলেছিল।
সেদিন কমলজ্যোতিকেও নেমস্তর করলো। আমিই নিয়ে গোলাম
কমলজ্যোতিকে। কমলজ্যোতি ধুতি আর পাঞ্চাবী পরে এসেছে,
বেশ মানিয়েছে ওকে। মায়াকে দেখে কমলজ্যোতি আড়াই হয়ে
গোল। একটাও কথা বললো না। কমলজ্যোতির স্থানর চেহারাও
ভল্ল ব্যবহারের জন্য সবারই চোখ পড়ে ওর দিকে। কিন্তু মায়া
ওকে একবার দেখতে পেল নাং কিংবা দেখেও চিনতে পারার
কোনো ভাব দেখালো না।

ওদের ত্র' জনকেই আগে থেকে কিছু বলা হয় নি। কমল-জ্যোতিকে শুধু বলা হয়েছিল, মাধুরীর জন্মদিনে কয়েকজন রবীক্র সঙ্গীত গাইবেন। ও গান শুনতেই এসেছিল। মায়া সেনগুপ্তা যখন গান করলো, তখন কমলজ্যোতি খানিকটা দ্বে এমন ভাবে বসেছিল, যেন একটা পাধরের মূর্তি। ওর মুখে সেদিন কি ছিল, রাগ না অভিমান ? হয়তো তীব্র অভিমানেই মামুষের মুখটা পাথরের মতন দেখায়।

মাধুরীই ব্যবস্থা করে এক সময় একটা ফাঁকা ঘরে নিয়ে এলো মায়াকে। আমি কমলজ্যোতিকে নিয়ে গেলাম। তু'জনে চুপ করে দাঁড়িয়ে রইলো। কমলজ্যোতি নার্ভাস হয়ে একটু একটু কাঁপছে। মায়ার মুখে সামান্য একটু রাগের চিহ্ন।

ঘ্রখানা মাধুরীর দাদার। উনি কি কাজে দিল্লী গেছেন।
মাধুরীর দাদা একট্ অগোছালো সভাবের, ঘর ভর্তি বই পত্র
ছড়ানো। একটা খাট, একটা টেবিল, একটা চেয়ার— এই হলো
ঘরের আসবাব।

মাধুরী আর মায়া বসলো খাটে, কমলজ্যোতিকে দেওয়া হলো চেয়ারটা, আমি জানালার ওপরে বসলাম।

মাধুরী চা আনতে গেল। মায়া সেনগুপ্তা মুখ নীচু করে বিছানার চাদরের ওপরে দাগ কাটছে, যেন ছবি আঁকছে। কমলজ্যোতি একাগ্রভাবে দেখছে সেই অদৃশ্য ছবি!

নীরবতা ভেঙে আমিই প্রথমে বললাম, মায়া, আপনার গান কিন্তু আজ তেমন ভালো হয় নি।

মায়া চমকে মুখ তুললো।

আমি একটু হেসে আবার বললাম, অক্সদিন আপনার গান এর চেয়ে অনেক ভালো হয়। আজ যেন একটু মহামনস্ক ছিলেন মনে হচ্ছিল।

মায়া বললো, অভ্যমনস্ক, না, তা ঠিক নয়। স্বদিন তো একরকম হয় না।

- —আজ্ঞা, আপনি তো শাস্তিনিকেতনের ছাত্রী ছিলেন, তাই না ?
- —না তো <u>!</u>
- -- কার কাছে গান শিথেছেন !
- —আমি বলতে গেলে প্রায় নিজে নিজেই —কিছুদিন জর্জদার কাছে শিখেছিলাম, তাও মাত্র কয়েক মাস।

- আপনার প্রথম রেকর্ড তো অনেকদিন আগে বেরিয়েছে।
- —হ্যা, সেই যে একবার কমপিটিশান হলো না—রেডিওতে এক বছর নতুন যারা যারা গান করেছিল তাদের গান বিচার করা হলো —সেবার আমি ফার্স্ট হয়েছিলাম, সেইজক্তই রেকর্ড কোম্পানী —

এটা কি আপনার বিলেত যাবার আগে ?

- -- žī l
- —বিলেতে আপনার গায়িকা হিসেবে খুব নাম হয়েছিল, আমি শুনেছি।
 - —মাঝে মাঝে গাইতাম।

আমি তখন কমলজ্যোতির দিকে হাত বাড়িয়ে বললাম, আমার এই বন্ধু তখন বিলেতে আপনার গান শুনেছে। আপনার সঙ্গে পরে আলাপও হয়েছিল।

মায়া শুকনো ভত্ততার সঙ্গে বললো, নমস্কার।

এই সময় মাধুরী চা নিয়ে ঢুকলো। হাসি মুখে বললো, কি, আলাপ পরিচয় হয়েছে তো গ

আমি বললাম, আলাপ তো আগে থেকেই ছিল। মায়া বললো, আমার ঠিক মনে পড়ছে না।

-- এর নাম কমলজ্যোতি---

কমলজ্যোতি এতক্ষণ একটিও কথা বলে নি! এবার একট্ট আড়ঠভাবে বললো, তখন আমাকে সবাই বলতো কে. জে.— হয়তো উনি কমলজ্যোতি শুনে বুঝতে পারবেন না।

আমি বললাম, তা ছাড়া ধৃতি পাঞ্জাবি পরতো না বলাই বাহল্য।

মায়া সম্পূর্ণ ব্যাপারটা উপেক্ষা করে মাধুরীর দিকে ফিরে বললো, এবার কিন্তু আমি যাবো রে!

মাধুরী বললো, তুই কিন্তু ভদ্রলোককে বজ্জ কষ্ট দিয়েছিস ? মায়া থানিকটা বিস্ময় খানিকটা রাগের সঙ্গে বললো, কষ্ট ? আমি কি কষ্ট দিয়েছি ? কি বলছিস তুই ! —ভজলোককে একেবারে পাতাই দিস নি! উনি তোর জক্তই এতদ্র ছুটে এসেছেন—এখন খুব ভালো বাংলা টাংলা শিখে—

মায়া খাট থেকে নেমে বললো, এবার আমি যাবো

- -- চা-টা শেষ করে নে আগে।
- —না, আর চা খাবো না।

কমলজ্যোতিও উঠে দাঁড়ালো: এক পা এগিয়ে এ.স বললো; মায়া তুমি আমাকে চিনতে পারলে না ?

মায়া আমার দিকে ফিরে বঙ্গলো, ব্যাপারটা আমি ঠিক বুঝতে পারছি না। এরকম জোর করে চিনতেই বা হবে কেন!

আমি বললাম, আপনি এত সাঁরিয়াস হয়ে যাচ্ছেন কেন ? একটু বেসে খানিককণ গল্প করলে কি এমন অভায়ে হবে ?

কমলজ্যোতি বললো, তোমার মনে পড়ছে না, কেনসিংটন গার্ডনস-এ সেই এক শনিবার সন্ধোবেলা, আমি তোমাকে বলেছিলাম—

মায়া তাকে থামিয়ে দিয়ে বললো, ইয়া, মনে আছে। আপনাকে আমি সেদিনও বলেছিলাম, আজও আবার বলছি, আপনার রুচি আর আমার রুচি এক নয়। আপনার সঙ্গে আমার কোনো দিক থেকেই মিল নেই, তুতরাং—

- —কিন্তু মানুষ কি বদলায় না ? সেদিনের পর থেকে আমি আনেক বদলে গেছি। আমি চেষ্টা করেছি নিজেকে যোগ্য করে তোলার!
- —খুব ভালো কথা। আপনি একটু সরে দাঁড়ান, আমি এখন যাবো, আমার দেরি হয়ে যাচ্ছে।
- —তুমি আমাকে এখনো অপমান করার চেষ্টা করছো! কিছু একটা কথা আমি ভোমাকে জানিয়ে রাখতে চাই। আমি তোমাকে ছাড়া আর কাউকে কখনো ভালোবাদিনি—এখনো আমি তোমার জন্ম—

মায়া তীব্ৰভাবে বললো ছি:!

তারপর মাধুরীর দিকে ফিরে বললো, এই সব আজে বাজে কথা শোনার জন্ম তুই আমাকে এখানে ডেকেছিস।

কমলজ্যোতির মুখখানা কালো হয়ে গেল। চোখ হৃটি বিকারিত। যেন শরীরটা কাঁপছে। আর যাই হোক, ভালো-বাসার উত্তরে যদি কেউ ছিঃ বলে সেটা সহা করা নিশ্চয় শক্ত। মায়া এত কঠোর না হলেই পারতো। খানিকটা ঠাট্রা-ইয়ার্কি আর হাসি তামাশায় ব্যাপারটাকে অনায়াসেই হালকা করে দেওয়া যেত।

আমাদের হতবাক করে দিয়ে কমলজ্যোতি ঠাস করে চড় মারলো মায়ার গালে। বেশ জোরে। একটা আর্ত শব্দ করে গালে হাত চেপে মায়া দাঁড়িয়ে রইলো। তার চোখে ব্যথার চেয়েও বিশ্বয় অনেক বেশী।

খোর কাটতে আমার কয়েক মৃহুর্ত লাগলো। তারপর আমি দৌড়ে এসে কমলজ্যেতিকে সরিয়ে দিয়ে বললাম, এই, কি করছে। পাগলের মতন!

পরের মুহূর্তেই কমলজ্যোতি মাটিতে হাঁটু গেড়ে বসে পড়লো। বিহবল ভাবে বললো, এ আমি কি করলাম! আমায় ক্ষমা করো, আমায় ক্ষমা করো—

এরপর ছ'তিন মাস কমলজ্যোতির আর কোনো সন্ধান পাইনি। গুর ফ্ল্যাট ছেড়ে দিয়ে কোথায় চলে গেছে। তবে বিলেতে ফিরে বায় নি। প্রদীপ বললো, ওর সঙ্গে নাকি মাঝে মাঝে হঠাৎ দেখা হয়। প্রদীপ আফশোস করে বলে, ছেলেটা একেবারে বদলে গেছে। কথাবার্তা বিশেষ বলে না। বাংলা-টাংলাও বায় না

আমার সঙ্গে হাওড়া স্টেশনে একদিন কমলজ্যোতির দেখা ছিয়ে গেল মাস চারেক পরে। ও একটা লোক্যাল ট্রেন ধরার জন্য দৌড়ে যাচ্ছিল, আমাকে দেখে থমকে দাঁড়ালো!। হাসি মুখে বললো, কী, কেমন আছো !

আমি বললাম, তুমি কেমন আছো ? তোমার খবর কি ?

স্টেশনের ঘড়ির দিকে তাকিয়ে কমলজ্যোতি বললো, আমার ট্রেনটা বোধহয় ছেড়ে গেল। যাক গে পরের ট্রেনে যাবো। তোমার দঙ্গে একটু গল্প করা যাক্।

- —কোথায় যাচ্ছিলে কোথায় <u>গু</u>
- —আমি এখন কোতরং-এ থাকি।
- কোতরং ? সেখানে কি করছো ?

কমলজ্যোতির পরনে পাঞ্জাবী ও পায়জামা। ত্'তিনদিন দাড়ি কামায় নি। কাঁধে ঝোলানো একটা ব্যাগ। এক গাল হেসে বললো, আমি ওখানে মাস্টারি করছি একটা স্কুলে। এই তো দেড় মাস হলো। তুমি আসবে একদিন আমার ওখানে? দারুণ খেজুরের রস পাওয়া যায়। তোম।কে খাওয়াতে পারি। জান তো, কোতরং-এর পাটালী খুব বিখ্যাত।

আমি অফুটভাবে বললাম, তুমি মাস্টারি করছো গু

—হাঁ। থুব ভালো লাগছে আমার। ছেলেরা এর মধ্যেই আমাকে বেশ ভালোবেসে ফেলেছে। আমি একটা ছোট্ট ঘর ভাড়া নিয়েছি। সামনে একটা বাগান। এখন এই শীতকালে দারুণ ফুল ফোটে। নিজের হাতেই রানা করি। তুমি আমাকে ঠাট্টা করেছিলে চা বানাতে পারি না বলে — কিন্তু এখন আমি ভাল, তরকারি, মাছ ভাজা সব পারি। খাবে একদিন আমাব হাতের রানা? কবে আসবে বলো।

আমার ট্রেনের তথনও থানিকটা দেরী ছিল। কমলজ্যোতিকে নিয়ে আমি কফির দোকানে বসলাম। ওকে দেখে তথনও আমার বিস্ময়ের ঘোর কাটে নি। প্রথম যেদিন ওকে দেখেছিলাম, সেই দিনটার কথা মনে পড়ছে। এর মধ্যে বেশ রোগা হয়ে গেছে কুমলজ্যোতি, রোদ্ধুরে ময়লা হয়ে গেছে গায়ের রং, পাঞ্চাবীটা ঘাড়ের কাছে ছেঁড়া। মুখে কিন্ত ক্লান্তির কোনো ছাপ নেই।

একটু বাদে জিজ্ঞেদ করলাম, কমলজ্যোতি, সত্যিই তুমি ভালো আছো?

- -- হাা, ভাই গ্রাণ্ড মাছি।
- —বিলেতে আর ফিরবেই না তা হলে ?
- —না:! আর ইচ্ছে করে না।
- প্রামে থাকতে অস্ত্রবিধে হচ্ছে না কিছু ?
- —অস্থবিধে আবার কি ? কত লোক তো থাকে।
- মায়ার কথা আর মনে পড়ে না ?
- হ্যা, মনে পড়ে মাঝে মাঝে। তবে আগের মতন আর মন খারাপ হয় না।

একটু চুপ করে থেকে কমলজ্যোতি মাথা নীচু করলো।
তারপর আস্তে আস্তে বললো, মায়াকে না পাবার জন্য সত্যিই
আমার আর কোনো ছংখ নেই। বরং মায়াকে ধন্যবাদ জানানো
উচিত। মায়ায় জন্য আমি আমার দেশটাকে ফিরে পেয়েছি।
এতদিন আমার কোনো দেশ ছিল না। এখন আমি নিজেকে
সত্যিকারের বাঙালী বলতে পারি। পারি নাং

অস্থায় খেলা

এখন সন্ধ্যে সাড়ে সাতটা বাজে। আচার্যমশাই দাবা খেলতে বসেছেন। ঘরের দরজাটা ভেজানো, বাইরে টুলের ওপর বসে পাহারা দিচ্ছে,—কোনো দারোগ্রান নয়—পার্টির একজন বিশ্বস্ত কর্মী। বিশেষ কয়েকজন ব্যক্তি ছাড়া অগ্র কারুর এখন ঘরে ঢোকা নিষেধ।

এমন গভীর মনোযোগ দিয়ে আচার্যমশাই দাবার ছকের দিকে তাকিয়ে আছেন যে দেখলে কে বিশ্বাস করবে, এই মামুষটিই সারা সপ্তাহে কত ব্যস্ত থাকেন। অসংখ্য লোক, বহু রকমের দায়িছ। দেশের অনেক লোকের ভাগ্য নির্ভর করছে তার ওপর।

আচার্যমশাই কোনো গুরুদেব বা অধ্যাপক-টধ্যাপক নন।
তিনি রাজ্যের একজন পূর্ণ মন্ত্রী তো বটেই, পার্টির ওপর তাঁর কর্তৃত্বও
আনেকথানি। সরকার ভাঙ্গা-গড়ার ব্যাপারে তাঁর মতামতের যথেষ্ট
দাম আছে। স্বয়ং প্রধানমন্ত্রীও এই রাজ্যের যে-কোনো ব্যাপারে
সিদ্ধান্ত নেবার আগে আচার্যমশাইয়ের সঙ্গে পরামর্শ করেন।

তবে, আচার্যমশাইয়ের একটি কঠোর নিয়ম আছে। রবিবার তিনি কোনো সভাসমিতিতে যান না, পার্টির কাজেও মাথা ঘামান না। নেহাত রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী রাজ্যসফরে এলে তাঁকে কলাচিৎ এই নিয়ম ভাঙতে হয় বটে, কিন্তু তখন তাঁর মুখখানা বেশ গন্তীর দেখায়। রবিবার দিনটা তিনি শুধু নিজের জন্ম আলাদা করে রাখেন।

রবিবার সকালটা তিনি শুধু মেশেন তাঁর আত্মীয়স্বজন ও ঘনিষ্ঠ বন্ধুদের সঙ্গে—রাজনীতির সঙ্গে যাদের কোনো সম্পর্ক নেই। বিশেষ করে আত্মীয়স্বজনদের বাচ্চা ছেলেমেয়েদের তিনি আনতে বলেন, তাদের নানারকম উপহার দেন। শিশুদের সঙ্গে নিজেও কিছুক্ষণ

শিশু হয়ে গিয়ে খেলাখুলো করেন। আচার্যমশাইয়ের মতে শিশুদের সঙ্গে না মিশলে কোনো মানুষ দীর্ঘজীবী হতে পারে না।

আচার্যমশাই নিজে নিঃসন্তান, তাঁর স্ত্রীও মারা গেছেন অনেকদিন আগে।

বয়েস তেষ্ট্রির মতন, কিন্তু স্বাস্থ্য ভালো আছে। বিশাল চেহারা, মাথায় টাক পড়েনি এবং অনেক চুলই এখনো কালো। ওঁর বাঁ হাতের অনামিকায় একটি পলার আংটি এমন ভাবে আঁট হয়ে আছে বে গত কুড়ি বাইশ বছর ধরে সেটা খোলাই যায় নি। অনেকে বলে, এ আংটিটাই তাঁর সোভাগ্যের মূল।

রবিবার ত্বপুরে তিনি খাওয়া দাওয়ার পর এক ঘন্টা বই পড়েন, তারপর ঠিক ত্ব' ঘন্টা ঘুমোন। সপ্তাহের আর কোনোদিন তাঁর দিবানিজা দেবার স্থোগ নেই। ঘুম থেকে চা-টা খেয়ে তিনি দাবা খেলতে বসেন। কতক্ষণ সে খেলা চলবে তার ঠিক থাকে না।

গত বছরখানেক ধরে তিনি দাবা খেলছেন শুধু একজনেরই সঙ্গে। ছেলেটির বয়েস তাঁর অর্থেকেরও কম। হিমাজিশেখরের বয়েস এখনো তিরিশও হয়নি। ছিপছিপে লম্বা চেহারা, প্যান্টের সঙ্গে সব সময় ফুলহাতা শার্ট পরে, ভালোমামুষের মতন মুধ। হিমাজিশেখর কথা বলেও খুব কম।

হিমান্তিশেখর বললো, আপনি কি আপনার গজের চালটা ফেরত নেবেন ?

আচাৰ্যমশাই বললেন, কেন গ

---না হলে তো মাত্হয়ে যাবেন এবারেই।

ঝনঝন করে টেলিফোন বেজে উঠলো। আচার্যমশাই তবু তাকিয়ে রইলেন দাবার ছকের দিকে। টেলিফোন বাজতেই লাগলো।

রবিবার সন্ধ্যেবেলা অন্য লোকের দেখা করা নিষিদ্ধ হলেও টেলিফোনে ডাক আসতে তো বাধা নেই। টেলিফোনের রিসিভার নামিয়ে রাখাও যায় না, কারণ সত্যিই কোনো জরুরী ডাকও তো আসতে পারে। খরে তিন রঙের তিনটে টেলিফোন। গোলাপী, সাদা ও কালো। কোনটা কখন বাজবে তার ঠিক নেই।

একটু বাদে আচার্যমশাই সাদা টেলিফোনটা তুলে নিলেন। খুব শাস্ত ভাবে শুনলে ওদিককার কথা। তারপর অত্যস্ত বিরক্তভাবে বললেন, এ খবরটা কাল দিলে চলতো না । ছগলীর এস পিকে বলো, দশ বারোজনকে অ্যারেস্ট করতে। আমার নাম করে বলবে। টেলিফোনটা নামিয়ে রেখে তিনি বললেন, হুঁ, তাই তো

টেলিফোনটা নামিয়ে রেখে তিনি বললেন, হুঁ, তাই তো দেখছি।

গজের চালটা ফেরত না নিলে সভ্যিই তাঁকে এবারে মাত্ হয়ে যেতে হবে। অথচ চাল ফেরত নিতে তিনি থুব অপমানিত বোধ করেন। জীবনে তিনি কখনো কথা দিয়ে কথা ফেরান নি, কিন্তু দাবায় তাঁকে বার বার হার স্বীকার করতে হয়।

হিমাদ্রিশেখর ছেলেটা অন্তৃত খেলে। একবারও তাকে হারাতে পারেন নি আচার্যমশাই। কয়েকবার খেলা ড হয়েছে, কিন্তু সে-সব বারেও হিমাদ্রিশেখরের চালে কোনো ভুল হয়নি।

দাবা খেলার অভ্যেসটা হয়েছিল জেলখানায়। স্বাধীনভার আগে তিনি বেশ কয়েকবার জেল খেটেছেন। সেখানে মাটিতে ছক কেটে নানারকম ইট-পাথরের টুকরো দিয়ে খেলা চলতো। পরে অবশ্য সেপাইদের ঘূষ দিয়ে আসল বোর্ড আর ঘুঁটি যোগাড় করা হয়েছিল।

সেই সময় আচার্যমশাই বেশ ভালো খেলোয়াড় হিসেবে খ্যাতি পেয়েছিলেন। রাজনৈতিক কর্মীদের মধ্যে তাঁর সমকক্ষ আর কেউ ছিল না। তিনি দাবা খেলায় হারিয়েছেন অতুল্যবাবৃকে, শ্রামাপ্রসাদকে। গোবিন্দবল্লভ পন্থ কিংবা ভি কে মেননও তাঁর সক্ষে পারেন নি।

হিমাজিশেখর তাঁর বন্ধুর ছেলের বন্ধু। তাঁর বন্ধু অখিল সাফালের ছেলে স্থোভন প্রায় তাঁর নিজেরই ছেলের মতন। এ বাড়িতে তার অবারিত ছার। সেই স্থোভনের সঙ্গে হিমাজিশেখরকে একদিন দাবা খেলতে দেখে আচার্যমশাই ছ' একটা মস্ভব্য করেছিলেন। হিমাজিশেথর তথন বলেছিল, আপনি যেভাবে বলছেন, সেই ভাবে খেললে স্থােভন নির্ঘাত হারবে।

আচার্যমশাই কথাটা শুনে অবাক্ হয়েছিলেন। তাঁর সঙ্গে কেউ এ ভাবে কথা বলে না। সকলেই তাঁকে ভয় পায়। সকলেই তাঁকে খাতির করে। যারা খবরের কাগজে তাঁর নামে গালাগালি ছাপায়, তারাও আচার্যমশাইয়ের সামনে এসে বিগলিত হয়ে যায়। পার্টির কোনো জুনিয়ার কর্মী ভালো দাবা খেলতে জানলেও তাঁর সঙ্গে খেলতে বসলে ইচ্ছে করে হারে। আর এই ছেলেটা বলে কি?

স্থশোভনকে সরিয়ে দিয়ে তিনি নিজে খেলতে বসলেন। এবং পর পর ছ' দানই হারলেন।

সেই থেকে তাঁর একটা জেদ চেপে গেছে। প্রত্যেক রবিবার সন্ধ্যেবেলা তিনি হিমাদ্রিশেখরকে ডেকে এনে খেলতে বসেন। আজ পর্যন্ত একবারও জিততে পারেন নি, অথচ ওকে একবার অস্ততঃ হারাতে না পারলে তিনি জীবনে যেন কিছুতেই শাস্থি পাবেন না।

হিমাজিশেখর ঘোড়ার নতুন চাল দিয়ে বললো, কিস্তি!

আবার টেলিফোন বাজলো। এবার গোলাপী। রিসিভারটা ভোলার আগে তিনি দেখে নিলেন নিজের রাজাকে। আর বাঁচবার কোনো রাস্তা নেই। এবার সজিট মাত্।

একটা দীর্ঘসা ফেলে বললেন, বার বার টেলিফোন আসে, আমার মনোযোগ নষ্ট হয়ে যায়।

হিমাজিশেখর কোনো উত্তর দিল না। আচার্যমশাই যভক্ষণ টেলিফোনে কথা বললেন, সে চুপ করে রইলো, তারপর বললো, আজ এই পর্যস্তই থাক্।

আচার্যমশাই ভাড়াতাড়ি বলে উঠলেন, না, না, আরও এক দান খেলা হোক না, রাভ ভো বেশী হয় নি। হিমাজিশেখর হাতের ঘড়ির দিকে এক নম্বর বৃদিয়ে খানিকটা থেন অনিচ্ছার সঙ্গেই বললো, আচ্ছা!

হিমাজিশেখরকে আচার্যমশাই দাবা ছাড়াও অহ্য কোনো ব্যাপারেও হারাতে পারেন নি। ছেলেটাকে যত দেখছেন, ততই আশ্চর্য হচ্ছেন। প্রায় এক বছর ধরে প্রত্যেক রবিবার আসছে সে, কিন্তু এ পর্যন্ত একবারও সে মুখ ফুটে কিছু চায় নি নিজের জহ্য। একজন প্রতাপশালী মন্ত্রীর এত ঘনিষ্ঠ সম্পর্কে এসেও কেউ নিজের খানিকটা স্থবিধে আদায় করে নিতে চায় না—আচার্যমশাই এরকম আর দেখেন নি। আচার্যমশাই নিজে থেকেও তাকে কয়েকটি লোভজনক প্রস্তাব দিয়েছিলেন, সে প্রত্যাধ্যান করেছে। কোনো বন্ধ্-বান্ধব আত্মায়স্বজনের জন্মও সে কোনদিন কোনো টেলিকোন কানেকশান বা থানা থেকে কারুকে ছাড়ানো বা লাইসেল—কিছুই চায় নি।

হিমাজিশেখর কাজ করে একটি ব্যাঙ্কে, মোটামুটি মাঝারি খরনের চাকরি। কোনো রাজনৈতিক দলের সঙ্গেই সম্পর্ক নেই। আচার্যমশাই এটুকু আগেই খোঁজ নিয়েছিলেন, বিরুদ্ধ পক্ষের সঙ্গে ওর কোনো যোগ আছে কিনা। শুধু তাই নয়, ৬র সামনেই তাঁকে টেলিফোনে এমন অনেক কথাবার্তা বলতে হয়, যা বাইরে ফাঁস হয়ে গেলে বিপদ আছে। কিন্তু সে-রকম ঘটনাও কক্ষনো ঘটে নি।

ছেলেটাকে কোনো দিক থেকে হারাতে না পারায় আচার্যমশাই তেতরে তেতরে একটা জালা বোধ করেন। হিমাদ্রিশেশরের ওপর তাঁর যে কোনো রাগ আছে তা নয়— কিন্তু তাকে যদি কোনো চালে হারানো যেত—তা হলে তিনি তাকে ভালোবাসতে পারতেন।

পরের খেলার মাঝখানে ঘরের দরজা ঠেলে একটি মেয়ে চুকলো। সঙ্গে সঙ্গে মনে হলো এক ঝলক টাটকা হাওয়া খেলে গেল ঘরের মধ্যে। «মেয়েটির নাম মন্দিরা। এ হলো সেই রকমের মেয়ে, যাকে দেখলে সকলেরই মন ভালো হয়ে যায়। মন্দিরাকে কেউ কখনো গন্তীর হতে দেখেনি। অক্সদের গামড়া মুখও সে সহ্য করতে পারে না। তার হাস্তময় মুখখানি যেন আলো ও রূপ দিয়ে সাজানো। সাজ-পোশাকের দিকে কোনো যত্ন নেই, তবু মন্দিরার স্বাস্থ্য তার পোশাক ছাপিয়ে ফুটে ওঠে।

সাধারণ একটা রঙীন তাঁতের শাড়ি পরে আছে মন্দিরা, গলায় একটা রুদ্রাক্ষের মালা, এক হাতে হিন্দুস্থানী ঘুঁটেওয়ালীদের মতন একটা মোটা রূপোর বালা, আর কোনো অলংকার নেই। মন্দিরা সম্ম অর্থনীভিতে এম. এ. পাস করেছে। বস্তির ছেলেদের নিয়ে একটা নাইট স্কুল চালায়।

মন্দিরা এসে ওদের কাছে দাঁড়িয়ে রইলো। ত্ব'জনেই খেলাতে এত এত মগ্ন যে একবারও চোখ তুলে তাকালো না। ত্ব'জনেই একাগ্রদৃষ্টিতে যুঁটির দিকে তাকিয়ে আছে।

—দাদা, আপনি এখন খেতে যাবেন না ?

আচার্যমশাই মুখ না তুলেই মন্দিরাকে উত্তর দিলেন, দাঁড়া, আর একট পরে।

মন্দিরা এবার হাঁটু মুড়ে পাশে বসে পড়ে বললো, সাড়ে ন'টা বাজে কিন্তু!

- —বাজুক না। আর বেশীক্ষণ লাগবে না।
- বড্ড অনিয়ম হচ্ছে কিন্তু।
- তুই একটু চুপ করে বোস্ তো। কথা বলিস না।
 আচার্যমশাই অক্তমনস্ক ভাবে মন্দিরার একটা হাত তুললেন নিজের
 হাতে। ভারপর শক্ত ভাবে চেপে ধরে রইলেন।

হিমাজিশেখর চোরা চোথে সেদিকে হ' একবার তাকালো। মন্দিরার মুখের দিকে তাকালো না! সে শুধু দেখছে আচার্য-মশাইয়ের লোমশ বিশাল হাতের মুঠোর মধ্যে মন্দিরার ছোট নরম হাতথানা।

—এবার তোমাকে কিন্তি দিলাম।

আ গার্থমশাইয়ের গলার মধ্যে রীতিমতন উল্লাস ফুটে উঠেছে। এবার তিনি হিমাজিশেথরকে পাাঁচে ফেলতে পেরেছেন। এবার সে যাবে কোথায় ?

হিমান্তিশেখর অবাক্ হয়ে গেছে। সে অগ্রমনক্ষ হয়ে পড়েছে। নইলে এরকম ভুল হলো কি করে ?

আচার্ঘমশাই আনন্দের সঙ্গে মন্দিরার বাহুতে চাপড় মেরে বললেন, তুই আর একটু বোদ। তুই এলেই আমার ভাগ্য ফেরে!

হিমাজিশেখর ক্রুদ্ধভাবে তাকিয়ে আছে বোর্ডের দিকে। তারপর তার ঠোঁটে একটু ক্ষীণ হাসি ফুটে উঠলো। না, তার ভুল হয় নি। সে অক্সমনস্ক হয়ে পড়েছিল বলেই সব দিক দেখতে পায় নি। দূর থেকে তার নোকোটা টেনে এনে সে প্রায় হিংস্র ভাবে বললো, এ কিন্তির কোনো মানে হয় না। গেল আপনার মন্ত্রী! নোকোটা দিয়ে এক ধাকায় সে উলটে দিল মন্ত্রীটা।

পরক্ষণেই আবার বিনীত ভাবে বললো; এটা খুবই সোজাচাল। আপনার মন্ত্রীর চালটা ফেরত নেবেন ?

আচার্যমশাইয়ের মুখে একটা অপমানের ছাপ পড়েছে। হিমাজিশেখবের নৌকোটা তিনি দেখড়েই পান নি। হিমাজিশেখর প্রত্যেক বারই তাঁকে জিজ্ঞেদ করে, তিনি চাল ফেরত নেবেন কিনা। অথচ নিজ্ঞে দে একটা চালও ফেরত নেয় না।

মন্দিরা বললো, থেলা শেষ হতে তো অনেক দেরি আছে দেখছি। এবার খেয়ে নেবেন চলুন।

- —না, খেলাটা শেষ করে নিই।
- কি যে খেল। ! ঘণ্টার পর ঘণ্টা চুপ করে বসে থাকা— একবেয়ে লাগে না ?
 - —এতে মাথা পরিষ্কার হয়। তুই তো শিখলি না খেলাটা।
 - --আখার দরকার নেই!

মহাত্মা গান্ধীর দৃষ্টান্ত অনুসারে আমাদের দেশের অনেক বর্ষীয়ান নেতাই পাশে হু' একটা সুন্দরী মেয়ে রাখে। কাঁথে হাত রাধার জন্ম। মন্দিরাও আচার্যমশাইয়ের সঙ্গে অনেক সভাসমিতিতে যায়। নির্বাচন সফরেও সঙ্গিনী হয়। এক্ষম্ম অবশ্য কেউ কোনো কুংসা রটনা করার স্থযোগ পায় নি। আচার্যমশাইয়ের চরিত্রে সেরকম কোনো দোষ সভ্যিই নেই। তাছাড়া, মন্দিরা সম্পর্কে তাঁর নাতনী হয়। তাঁর এক মামাতো দিদির মেয়ের মেয়ে। মন্দিরার পড়াশুনা চালাবার ব্যাপারে আচার্যমশাই অনেকখানি করেছিলেন। তাছাড়া ওর সঙ্গে কথা বলে সময় কাটাতে তাঁর ভালোলাগে। মন্দিরাও আচার্যমশাইয়ের কিছু কিছু ওত্বাবধান করে যায়। কাছেই তাদের বাড়ি।

খেলা চলতেই থাকলো। কেউ কারুর কাছে যেন এবার হার মানবে না। এক একটা চাল দিতে দশ মিনিট পনেরো মিনিট কেটে যাচ্ছে। মন্দিরা অনেকক্ষণ ধৈর্ঘ ধরে বসে রইলো। ভারপর এক সময় বললো, এর কোনো মানে হয় ? দশটা বেজেগ্রা

আচার্ঘমশাই বললেন, দাঁড়া, দাঁড়া, আর একটু--

- —না, এবার কিন্তু আমি সব কিছুই উলটে দেবো।
- তুই খাবার দিতে বল না। আমি এক্ষনি জাসছি।
- ---খাবার দেওয়া হয়ে গেছে অনেকক্ষণ।
- --খেলাটা শেষ না করে যাই কি করে ?
- —থেলা এই পর্যন্ত থাক। আপনি থেয়ে আফুন, তারপর আবার খেলবেন।
- —দেট। মন্দ বলিগ নি! কি হিমাদ্রি, তুমি বসবে ? আমি চটপট খেয়ে আসবো ?

হিমাজিশেখর নির্লিপ্তভাবে বঙ্গলো, তা বসতে পারি!

-- আমি বেশী দেরি করবো না।

আচার্যমশাই উঠতে গিয়েই উহ্ উহ্ শব্দ করে আবার বসে পড়লেন। মন্দিরার দিকে হাতটা বাড়িয়ে বঙ্গলেন, পায়ে ঝিঁঝি ধরে গেছে। আমাকে একটু টেনে তোল তো! মন্দিরা হু'হাতে আচার্যমশাইকে টানতে টানতে এবং হাসতে হাসতে বললো, উঠুন। পায়ে চিমটি কেটে দেবো ?

হিমাজিশেখর মাথা নীচু করে বসে রইলো। আচার্যমশাই মন্দিরার কাঁধে হাত দিয়ে বেরিয়ে গেলেন।

তিনতলা বাড়ি। অনেক লোক। পার্টির অনেক লোক এ বাড়িতেই থাকে। আচার্যমশাইয়ের নিকট আত্মীয় প্রায় কেউ নেই, এক ভাই মারা গেছে এক বোন থাকে এশাহাবাদে।

বাড়ির গেটে পুলিস পাহারা। পার্টির কর্মীরা থাকে একতলায়। দোতালায় তাঁর অফিস। তাঁর এক সেক্রেটারী সম্বীক থাকে দোতালার একটি ঘরে। তিনতলা একেবারে ফাঁকা। অনেক গোপন বৈঠক হয় এখানে। রাত্রে ঘুমোবার সময় তাঁর ঘরের বাইরে একজন নেপালী দারোয়ান ঝিমোয়।

আচার্যমশাই তুপুরের খাওয়া যেদিন বাড়িতে খান, সেদিন একতলার খাবারঘরে অত্যাত্ত কর্মীদের সঙ্গে একসঙ্গেই খান। রাত্তিরের খাবার তিনতলায় একা। তখন শুধু মন্দিরা থাকে ভার পাশে।

খাবার খুব সামাক্ত। তু' পিস পাঁউরুটি। এক টুকরো পোঁপে সেদ্ধ, তুটি টম্যাটো, ভোট একবাটি মুর্গীর মাংস, একটি সন্দেশ।

মন্দিরা খাবার সাজিয়ে দিয়ে পাশে দাঁড়িয়ে রইলো। আচার্যমশাই চিন্তিত মুখে খেয়ে যাচ্ছেন। দেশের অনেক সমস্তা নিয়ে যাঁকে চিন্তা করতে হয়, তিনি আপাততঃ দাবার চাল নিয়ে মাথা ঘামাচ্ছেন।

এক সময় মুখ তুলে জিজ্ঞেস করলেন, হিমাদ্রি চা কিংবা ককি কিছু খাবে নাকি ?

मन्त्रिता वल्ला, प्रथिष्ठ।

মন্দিরা ধীর পায়ে হেঁটে এলো খেলার ঘরের দিকে। এভক্ষণ সে হিমাদ্রির সঙ্গে একটাও কথা বলে নি। ঘরে এসে দেখলো, হিমাদ্রি একটা সিগারেট ধরিয়ে হাঁটুর ওপর খুতনি রেখে বসে আছে। মন্দিরা একেবারে হিমাজির সামনে এসে ঝুপ করে বসে পড়ে বললো, তুমি চা কিংবা কফি—কিছু খাবে ?

হিমাজিশেখর মাথা ছ' দিকে ছলিয়ে জানালো, না।

মন্দিরা হিমাদির মুখের একেবারে সামনে মুখ এনে বললো, তুমি এত নিষ্ঠুর কেন ?

शिमाणि वन्ना, किरम निष्ठेत ?

- —তুমি হু' একবার ইচ্ছে করে হারতে পারো না ?
- —ইচ্ছে করে হারবো ? কিন্তু তাকে তো খেলা বলে না !
- ——আহা, কি এমন জীবনমরণের খেলা ় উনি যদি ছু' একবার জিতেলে আনন্দ পান।
 - ওঁদের সব ব্যাপারেই জেতা অভ্যেস।

মন্দিরা হিমান্দির নাকের ডগায় ছোট্ট করে একটা চুমু দিয়ে বললো, তুমি বড়ড রাগী ?

হিমাজি মন্দিরার সেই হাতটা তুলে নিল যেটা আচার্যমশাই একটু আগে ধরেছিলেন। হিমাজি সেই হাতটা ধরে যেন বৈজ্ঞানিকের মতন পরীক্ষা করতে লাগলো।

মন্দিরা জিজেন করলো, কি দেখছো ?

- —কিছু না!
- তঃ, তোমাকে নিয়ে পারা যায় না। তুমি এত চাপা, কোনো কথা মুখ ফুটে বলতে পারো না ! তুমি কি চাও যে আমি —

খাবার খেতে খেতে আচার্যমশাইয়ের মনের মধ্যে একটা অবৈধ
চিন্তা উ কি মারতে লাগলো। কিছুতেই চিন্তাটা মন থেকে তাড়াতে
পারলেন না। এই কাঁকে হিমাজিশেখর গুটি কিছু অদলবদল করে
ফেলবে না তো ! এই দানটা তিনি জিতবেনই। হিমাজির
অনেকগুলি বল নই হয়ে গেছে। এবার তিনি শোধ নেবেন।
এক বছরের মধ্যে তিনি ঐ ছেলেটাকে একবারও হারাতে পারেন
নি—এতে বুকের মধ্যে একটা জালা ধরায়। ওকে একবার অন্ততঃ
হারাতে পারলে তিনি দাবা খেলার নেশাটা কিছুদিনের জন্ম অন্ততঃ

পরিত্যাগ করতেন। সামনে অনেক কাজ। সাধারণ নির্বাচন আসছে; আগামী মাসে প্রধানমন্ত্রীর সফর। ত্থ তিনটে জেলায় দলবিরোধী গোষ্ঠীগুলোকে শায়েস্তা করা।

দলের অনেক কর্মীই মাচার্যমশাইয়ের এই দাবা ঝেলার নেশাটা একদম পছন্দ করে না। দেশ চালাবার দায়িত্ব যাদের হাতে, তাদের কি এরকম অলসভাবে সময় কাটালে চলে ? তা ছাড়া জরুরি ঘটনা কি দিনক্ষণ হিসেব করে আসে ? রবিবার সন্ধের পর আচার্য মশাইয়ের সঙ্গে কোনো জরুরি কথা বলার উপায় নেই।

হিমাজিশেখরকেও পছন্দ করে না দলের কর্মীরা। ছেল্টোর নিশ্চয়ই কোনো মভলব আছে। বিরুদ্ধ দলের স্পাই নয় ভো! আচার্যমশাই এসব কথা শুনে হাসেন। সে রকম কোনো প্রমাণ তিনি পান নি! এখন হিমাজিশেখরের আশা যদি তিনি বন্ধ করে দেন, তাহলে ছেলেটা সারাজীবন জিতে থাকবে। সে কথা মনে মনে ভাবলেও কই হয়। তিনি জীবনে কারুর কাছে হারেননি কোনো ব্যাপারে—আর এই সামান্ত দাবা খেলায়!

ছেলেটা গুটি বদলাবে না তো ?

খাওয়া অসমাপ্ত রেখে আচার্যমশাই অহ্যনমস্ক ভাবে চলে এলেন এ ঘরে! দরজার কাছে দাঁড়িয়ে তিনি একটা দৃশ্য দেখলেন। কোনো অসমীচীন দৃশ্য নয়। মন্দিরা আর হিমাজিশেখর সুখোম্থি বদে আছে। কেউ কারুর শরীর স্পর্শ করে নি। কিন্তু কি অদ্ভূত তু' জনের দৃষ্টি! যেন মন্ত্রমুগ্ধ ভাবে চেয়ে থাকা। ওরা তাঁকে লক্ষ্য করলো না।

আচার্যমশাই একটা গভীর নিঃশ্বাস ফেলে দেখান থেকে সরে এলেন। তিনি বুঝতে পেরেছেন। হিমাজিশেখর এসেছে মন্দিরাকে তাঁর কাছ থেকে কেড়ে নিতে। তাঁর আরও আগেই বোঝা উচিড ছিল। মন্দিরা তাঁর সামনে হিমাজিশেখরের সঙ্গে একটাও কথা বলেনা। সাধারণ আলাপ পরিষয় থাকলে হ' একটা সাধারণ কথাবার্তা বলতোই। অসাধারণ সম্পর্ক বলেই ওরা এরকম নিঃশব্দ ? বুকটা টনটন করে উঠলো আচার্যমশাইয়ের। তিনি নিজেই দেখে শুনে মন্দিরার বিয়ে দেবেন ভেবেছিলেন। এক সময় চেয়েছিলেন ওকে রাজনীতিতে আনতে। মন্দিরা বিশেষ উৎসাহ দেখায় নি, তিনি নিজেও মত বদলেছেন! তিনি ইচ্ছে করলে মন্দিরাকে নির্বাচনে দাঁড় করিয়ে আনায়াসেই একটা উপমন্ত্রী বানিয়ে দিতে পারতেন। বয়েস কম তো কি হয়েছে, আজকাল তো তরুণদেরই জয়জয়কার। কিস্কুমত বদলেছেন এই জয়্ম যে আজকাল রাজনীতিএমন একটা গোলমেলে অবস্থায় এসে দাঁড়িয়েছে যে শুধু বয়সের তফাতের জয়ৢই মন্দিরা রাজনীতিতে তাঁর পাশাপাশি আর থাকতে পারবে না। যুবনেতারা ওকে কেড়ে নেবে। ওর কাজে অন্মরকম মন্ত্র দেবে। থাক, ওসব দরকার নেই। তার বদলে, তিনি ঠিক করেছিলেন, থুব ভালো একটা ছেলে দেখে মন্দিরার সঙ্গে বিয়ে দেবেন, ছেলেটিকে জীবনে দাঁড় করিয়ে দেবার ব্যবস্থা তিনিই করবেন। যাতে মন্দিরা তাঁর কাছাকাছি থাকতে পারে।

তার বদলে মন্দিরাকে নিয়ে যাবে এই অহংকারী ছেলেটা ?
সাধারণ একটা ব্যাঙ্কের কেরানী ? যে তাঁর কাছ থেকে কোনো
দয়া নেবে না ? কোনো রকমে আটকানো যায় না ? নিশ্চয় যায় !
হিমাজিশেথরকে মফস্বলে কোথাও বদলী করে দেওয়া যায়
অনায়াসেই—ভার নামে কোনো বদনাম এনে চাকরিটাও—। কিন্তু
মন্দিরা যদি জানতে পারে ? মন্দিরার ভাঙা মন যদি জোড়া না
লাগে ? তা হলেও তিনি হেরে যাবেন ছেলেটার কাছে। ছেলেটা
যদি দয়া চায়, যদি ভালো একটা চাকরি চায়, তাহলে না হয় ভেবে
দেখা যেত।

মন্দিরা ফিরে এসে দেখলো, আচার্যমশাই খাওয়া না শেষ করে হাত গুটিয়ে বসে আছেন চুপ করে।

মন্দিরা বললো, একি ? আর খেলেন না যে ?

- -- আর খাবো না রে!
- —না, মাংসটা সব খেতেই হবে।

- ওরে তোর মতন এত যত্ন করে আমাকে সারাজীবন কে খাওয়াবে ?
 - —আহা. আমি কি যত্ন করেছি গ

হাত ধুয়ে আচার্যমশাই আবার খেলতে এলেন ৷ স্থুমিষ্ট স্বরে হিমাজিশেখরকে জিজেদ করলেন, তোমার বেশী রাভির হয়ে যাচ্ছে নাতো ?

- -- ना ।
- —আমার নেশার জন্ম তোমাকে এতক্ষণ আটকে রাখি।
- সামি রাত করেই বাড়ি ফিরি।

মন্দিরাও এসে বসেছে পাশে ! আচার্যমশাই বললেন, কি রে, তুই বাড়ি যাবি না ?

- —আপনাদের খেলা আগে শেষ হোক।
- ---থেলা কভক্ষণে শেষ হবে ঠিক নেই।
- —মোটেই তা চলবে না। আধ ঘণ্টার মধ্যে শেষ করে আপনাকে শুয়ে পড়তে হবে। বেশী রাত জাগা আপনার সহ্য হয় নাকি ?
 - -- **জেলে থাকতে জনেক সম**য় সারা রাত জেগেছি।
 - —দে আলাদা কথা। তথন আপনার বয়েস কত ছিল গ
 - --- গত বছরও চেকোলোভাকিয়ায় গিয়ে---
- —হিমাজিশেথর থেলাটা আরও কঠিন করে তুলছে।
 আচার্যমশাই ভেবেছিলেন, এই বাজিটা তিনি জিতবেনই। এখন
 ব্রতে পারছেন, খেলাটা ক্রমশঃই হাতছাড়া হয়ে যাচ্ছে তাঁর।
 এমন ভাবে সাজিয়েছে যে তিনি চাল খুঁজেই পাচ্ছেন না।

হঠাৎ মুথ তুলে তিনি বললেন, আচ্ছা, হিমাজি, তোমার সঙ্গে মন্দিরার জালাপ নেই ? ও থুব ভালো মেয়ে।

হিমাজি কিছু বলার আগেই মন্দিরা বললো, বাং, আলাপ থাকবে না কেন ?

—,তা হলে তোমরা কোনো কথা বলো না কেন ?

- খেলার সময় কথা বলা তো আপনিই পছন্দ করেন না!

আচার্ঘনশাই মন্দিরার কাঁধে হাত রেখে বললেন, অক্স কেউ এ সময়ে ঘরে এদে কথা বললে আমার মেজাজ খুবই থারাপ হয়ে যায়। কিন্তু তোর কথা আলাদা।

আচার্ঘমশাই মৃচ্কি মৃচ্কি হাসছেন। মন্দিরা তাঁকে ঠকাতে চাইছে। যেন হিমাজিশেথকে সে খুব সামান্তই চেনে। আজকালকার ছেলে মেয়েরা ভাবে, বুড়োরা কিছু বোঝে না? বুড়োদেরও যে এক সময় কম বয়েস ছিল, তা মনে থাকে না ওদের।

হিমাজি একট্ আগে সাংঘাতিক একটা কঠিন চাল দিয়েছে। সেটার উত্তর দেবার বদলে আচার্যমশাই যেন আলস্থ ভাঙার জম্মই মন্দিরাকে টেনে আনলেন কোলের কাছে।

মন্দিরা কোনো আপত্তি করলো না। আচার্থমশাই মন্দিরার নগ্ন বাহুতে হাত বুলোতে বুলোতে বললেন, তুই ছাড়া আমার কথা কেউ ভাবে না। তুই দূরে চলে গেলে আমি কি যে করবো।

দাবার ছক থেকে চোখ তুলে হিমাদ্রি সেই সময় তীক্ষ্ণ ভাবে ভাকিয়ে রইলো সেই দিকে।

এই সুযোগে আচার্যমশাই টুক করে হিমান্তির একটা বোড়ে তুলে নিলেন বোর্ড থেকে। সেটা ফেলে দিলেন বাইরে। এই সামাক্ষ একটা বোড়ে এক সঙ্গে তাঁর মন্ত্রী ও গজকে আটকে ফেলেছিল।

এবার তিনি মন্ত্রীর চাল দিয়ে বললেন, সামলাও হিমাজি!

হিমাজি চমকে চোথ নামালো। প্রথমে ভাবলো, সে বৃঝি সত্যিই হেরে গেছে এবার।

আচার্যমশাই ভাবলেন, হিমাজিকে একবার অন্তঃ হারাতে পারলেই সব কিছু বদলে যাবে। তার মহংকার ভাওলেই সে দয়া চাইতে বাধা হবে। ব্যাঙ্কের চাকরি ছেড়ে সে রাজী হবে আরও বড় চাকরি নিতে। মন্দিরাকে পেতে হলেও অনুমতি নিতে হবে ভার। হিমাজি চেঁচিয়ে বললো, আমার বোড়েটা কোথায় গেল গু

- —কোন্ বোড়ে **?**
- এই যে এখানে ছিল।
- —ছিল না তো!
- নিশ্চয়ই ছিল !
- তুমি ভুল করছো হিমাদ্রি, আমার মন্ত্রী তে: সেটাকে অনেকক্ষণ আগেই থেয়ে ফেলেছে!
 - --হতেই পারে না!
- তুমি অভামনক্ষ হয়ে পড়েছো মনে হচ্ছে ৷ আজ বুঝি খেঁলায় আর মন নেই !
 - আমি ঠিকই থেলছি। আমার এরকম ভুল হতেই পারে না।
- —তা হলে তুমি দেখতে পেলে না, আমার মন্ত্রী তোমার ঐ বোড়েটাকে।

আচার্যমশাই উদারভাবে হাসতে লাগলেন। তাঁর মুখ চোখ এখন আনন্দে উদ্থাসিত। তিনি বললেন, এখনো চেষ্টা করে দেখে। যদি পারো!

মন্দিরাকে প্রায় বৃকের কাছে টেনে এনে আদর করতে লাগলেন তিনি। দাদামশাইরা তো এরকমভাবে নাতনীকে আদর করতেই পারে। এখন তিনি থুবই প্রসন্ম।

হিমাজি জ্বলম্ভ চোখে মন্দিরার দিকে তাকিয়ে বললো, তুমি এই জ্বস্থাই বল্ছিলে, এ'কে ইচ্ছে করে জিভিয়ে দিতে ?

মন্দিরা কোনো উত্তর দিল না।

হিমান্তি আবার বললো, এঁদের সব জায়গায় জেতার অভ্যেস বলেই---

আচার্যমশাই বললেন, তুমি হেরে গেছো বলেই মাথা গ্রম করছে?! হিমাদ্রি এক ধাকায় বোর্ডটা উলটে দিল। আর একটাও কথা না বলে বেরিয়ে গেল ঘর থেকে!

আচার্যমশাই হাসতে লাগলেন আপন মনে। মন্দিরার দিকে তাকিয়ে বললেন, এই সব ছেলেরা জীবনটাকে ঠিক মতন চেনে না। আনেক জায়গায় যে হার স্বীকার করে নিতেও হয়।

মন্দিরা বললো, ও কি সত্যিই হেরেছে ?

আচার্যমশাই বললেন, নিশ্চয়ই।

আরো জোর দিয়ে বললেন, নিশ্চয়ই, নিশ্চয়ই!

শারও আধ ঘন্টা বাদে মন্দিরা বেরিয়ে এলো সে বাড়ি থেকে।
একটা মোড় পেরুলেই তার বাড়ি। এদিক-ওদিক তাকিয়ে সে
আসছিল। মোড়ের কাছে লাইট পোস্টের নীচে সে দেখতে পেল
হিমাজিশেখরকে।

হিমাজি এগিয়ে এসে মন্দিরার হাত চেপে ধরে বললো, এত দিন যে কথা ভোমাকে বলতে পারি নি, আজ সেই কথাটা বলার জন্মই দাঁভিয়ে আছি।

মন্দিরা বললো, তুমি কি বলবে আমি জানি!

- —জানো? উত্তরটা?
- —সেটাও তুমি জানো।
- —শুধু তাই নয়। আমি বলতে চাই, আজ থেকে তুমি কক্ষণো আর এ বাড়িতে আসবে না। ওখানে অঞ্চায় খেলা হয়।
 - —সেই জন্মই তুমি কক্ষণো হারতে চাভ নি 🕈
- —হাঁা, আমি দেখতে চেয়েছিলাম, উনি অস্থায় করে জিভতে চান কিনা। নিজের চোখে ওঁর অস্থায় না দেখলে আমার বলার মতন জোর থাকতো না।

মন্দিরা একটা দীর্ঘনিশ্বাস ছেড়ে বললো, আমিও আজই প্রথম সাম। তুমি বিশ্বাস করো, উনি এর আগে আর কখনো আমাকে এরকমভাবে বুকের কাছে টেনে বসাবার চেষ্টা করেন নি। উনি এইভাবে ভোমাকে হারাভে চেয়েছিলেন।

- —জানি
- —তব্, ত্রাম হারলে না কেন ?
- —হারলে আমি তোমাকে কখনো জোর করে চাইতে পারতাম না।

মন্দিরা থ্ব শাস্তভাবে বললো আজো, তুমি হারো নি, তুমিই আসলে জিতেছো।

সমাপ্ত